অন্নদাশকর বায়

চতুরালি



ডি এম লাইত্রেরী ৪২ কর্ণওয়ালিস স্ট্রাট; কলিকাতা।

এ ইন্তরের কপিরাইট এমতী লীলা রায়ের। এর প্রচ্ছদপট শ্রীমতী লীলা রায়ের আঁকা।

প্রথম প্রকাশ পৌষ ১৩৬২ মূল্য দেড় টাকা

প্রকাশক শ্রীগোপালদাস মন্ত্র্যদার ডি এম লাইব্রেরী ৪২ কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা।

মুদ্ধাকর শ্রীশশধর চক্রবর্ত্তী কালিকা প্রেস লিঃ ২৫, ডি. এল. রায় স্ট্রীট, কলিকাতা-৬। শ্রীনরেব্রু দেব ও শ্রীরাধারাণ্ম দেবী করকমলে

আমার প্রথম নাটকা ছাপা হয়েও প্রকাশিত হয়নি। পরে হারিয়ে যায়। নাম ছিল "আপদবিদায়।" এটা ১৯২৮ সালের ঘটনা। অবশিষ্ট চারটি নাটিকা মিলে "চতুরালি" হলো।

অনুদাশকর রায়

চতুৱালি

দম্পতী ওলট পালট হাসব না কাঁদব হাওয়াবদল

দম্পতी

মোহিত তার স্ত্রা রেবা নীরেন তার স্ত্রী বুলবুল

(রেবা তার শোবার ঘরে আলমারি দেরাজ বাক্স তোরজ স্থটকেস বিছানা একবার প্লছে, একবার বন্ধ করছে। ভয়ঙ্কর ব্যন্ত। শীতকালের সাড়ে পাঁচটা। অঞ্ধকার হয়ে আসছে। নীরেন প্রবেশ করল।)

नीरत्रन। ७:! जार्थन!

রেবা। (জারসে বেডিং বাঁধতে বাঁধতে) হাা। আমিই।

নীরেন। ও কী! কোথাও যাচ্ছেন নাকি!

রেবা। হুঁয়া চললুম। বিদায়!

নীরেন। দিন, আপনি পারবেন না, আমাকে দিন। (চামড়ার স্ট্র্যাপ টানতে টানতে) কই, কোথাও যাবার কথা তোছিল না।

রেবা। (ইতিমধ্যে স্কটকেসে এক রাশ শাড়ী ঠেসে বন্ধ করতে না পেরে হাঁপাতে হাঁপাতে) যাঃ। কিছুতেই বন্ধ হবে না দেখছি।

নীরেন। (তথলো বেডিং বাঁধা সারা হয়নি) দাঁড়ান। আমি আসছি। রেবা। দাঁড়াবার সময় থাকলে তো ? আমি যে এক মিনিট সবুর করতে পারছিনে।

নীরেন। ট্রেনের তো এখনো ঢের দেরি।

রেবা। না, না, আমাকে 'থেতে হবে। কোই ছায় ? গাড়ী বোলাও।

নেপথ্যে। ছজুর।

রেবা। (স্কুটকেসের উপর বসে চাপ দিতে দিতে) বেশী একিছু নিতে চাইনে। এই সুটকেসটা, ওই বিছানা আর ঐ বেতের বাকসটা।

নীরেন। ওটাতো খালি পড়ে রয়েছে। কী কী দিতে হবে ওর মধ্যে ?

রেবা। আপনি পারবেন না। আমি দেখছি। আপনি যদি অন্মগ্রহ করে এই সুটকেসটা—

নীরেন। নিশ্চয়। নিশ্চয়। (স্কুটকেসের সঙ্গে ধ্বস্তাধ্বন্তি করতে করতে) এক কাজ করলে হয়। বিছানাটা খুলে খানকয়েক শাড়ী গুঁজে দিই।

রেবা। (বেতের বাক্সটাতে নানা পুচরো জিনিস ঢোকাতে ঢোকাতে) তা হলেই হয়েছে আমার যাওয়া। থাক, খুলতে হবে না।

নীরেন। কিন্তু এই সুটকেসটা—

রেবা। আমি জানি ও স্টুকেসটা শয়তান। জায়গা আছে, তবু জায়গা ছাড়বে না। আমিই জব্দ কর্ছি ওটাকে। নীরেন। (প্লটকেসের স**লে** কুন্তি করতে করতে) **শয়তান**!

রেবা। (হেসে) রাখুন। আমি আসছি।

নীরেন। (দাঁত কিড় মিড় করে) এই বার!

রেবা। (শশব্যস্থে) গেলা। গেল ওটা। ফাটবার আওয়াজ শুলোনা ?

নীরেন। ছঃথিত।

্রেবা। (কাষ্ঠ হেসে) আপনার দোষ কী! ওটার দস্তব ওই রকম। চলুক ওই ভাবে। কুলীর উপর কড়া নজর রাখতে হবে আর কী! কোই হ্যায় ?

নেপথ্যে। হুজুর।

রেবা। গাড়ী তৈয়ার ?

নেপথ্যে। ছজুর।

রেবা। (আয়নার সামনে গিয়ে চুল ঠিক করতে করতে) বাতিটা জ্বালিয়ে দিতে পারেন গ

নীরেন। (স্থইচ টিপে) এই যে।

द्रावा । धनारवाम ।

নীরেন। আপনি যাচ্ছেন, কিন্তু মোহিতকে তো দেখছিনে।

রেবা। বুলবুলকেও দেখছেন কি ? (আয়নায় মুচকি হাসি)

নীরেন। তাই তো। বুলবুল কোথায় 📍

রেবা। আমি কী করে জানব 🤊

নীরেন। ঘুমিয়ে পড়েছিলুম। জেগে দেখি বুলবুল নেই,

কেউ নেই। আপনাকেও দেখব অশো করিনি। আপনার ঘরে আওয়াজ শুনে ভেবেছিলুম চোর নয় তো!

রেবা। ওঃ! তাই আপনি চোরের মতো ঢুকলেন!

নীরেন। অন্যায় করেছি। আচ্ছা, যাই।

রেবা। যাবার আগে একটা কাজ করে দিয়ে যান। আমার চাবীটা স্থটকেস থেকে খুলে নিয়ে আলমারিটা আরেক বার খুলুন। কিছু টাকা নিতে হবে। আমি এই আসছি।•

নীরেন। চাবী ? কই দেখছিনে তো।

রেবা। সেকী! খুঁজুন না একটু দয়া করে। আমার এই শেষ হলো।

নীরেন। না, বৌদি। আমার চশমায় অত পাওয়ার নেই। রেবা। (রাগ করে) সেই আমাকেই আসতে হলো। যান, আপনি কোনো কাজের নন।

নীরেন। (যেতে উগত) সরি!

রেবা। কই, না! কে নিতে পারে! কেউ তো আসেনি এ ঘরে।

नीरत्रन। यिन आभारक ना शरत्रन।

রেবা। আপনি নেবেন কেন ? কী আপদ! খাটের নিচেও নেই, আলমারির নিচেও নেই। (ব্যম্ভ সমস্ত হয়ে হাতড়ে বেডানো)

নীরেন। কত টাকা দরকার, বৌদি ?

রেবা। (আলমারি ভাঙতে টুচেষ্টা করে) খুলবে, খুলবে, খুলতেই হবে।

नীরেন। (আরেকবার চাবী খুঁজতে খুঁজতে) দাঁড়ান। ভাঙবেননা।

রেবা। দাঁড়াবার সময় থাকলে তো। খুলবে, খুলবে,
 খুলতেই হবে। (আলমারির একটা পাল্লা ভেঙে পড়ল। সলে
 সলে রেবাও আছাড় খেয়ে পড়ল।)

নীরেন। (ছুটে গিয়ে রেবাকে ধরে খাটে শুইয়ে দিয়ে) লাগেনি তো ?

রেবা। লাগুক। মরণ হলেই বাঁচি। আলমারিটা শুদ্ধ উলটিয়ে মাথায় পডলো ঠিক মরে যেত্ম। না ?

নীরেন। ছি, ও কথা মুখে আনতে নেই। ভালোই হলো যে আপনার যাওয়া হলো না, বৌদি।

রেবা। হলো না কী রকম । আমি যাবই। কোই ফ্রায় । (বিছানা থেকে ওঠা)

নেপথ্যে। ছজুর।

রেবা। ড্রাইভারকো বোলাও। সামান লে যায়েগা। নেপথ্যে। হুজুর।

নীরেন। কাল আমরা এলুম আপনাদের অতিথি হয়ে। আর আজ আপনারা চললেন ?

রেবা। আমরা নই। আমি। নেপথ্যে। বাই বাই, বুলবুল। সী ইউ লেটার।

নেপথ্যে। থ্যাক্ষ্ম ফর ছাট লাভ লী গেম অফ টেনিস। মোহিত। (ঘরে ঢুকে) হ্যালো। नीरत्रन। शाला। মোহিত। টেনিস র্যাকেট ব্লেখে) কী ব্যাপার বলো দেখি। এসব বাক্স পাঁটেরা কিসের ১ আর ওই আলমারি— नीत्रन। वोि काथाय यन याट्डन। মোহিত। যাচ্ছেন। কই. তা তো শুনিনি। রেবা। (আলমারি থেকে টাকা বার করতে করতে) আঁহা, শোনেননি। কী আফসোস। এতক্ষণ যথন শোনেননি তথন ত্ব'মিনিট পরে শুনলেও চলবে। মোহিত। তুমি বলতে পারো? নীরেন। ছঃথিত। আমি তোমার চেয়েও কম জানি। মোহিত। কই, টেলিগ্রাম কোথায় ? রেবা। কিসের টেলিগ্রাম १ মোহিত। তবে যাচ্ছ কী পেয়ে १ রেবা। এমনি। মোহিত। (বিছানায় ধপ করে বদে পড়ে) ওয়েল, আই নেভার--নেপথ্যে। আসতে পারি १ রেবা। তোমার ইচ্ছা। বুলবুল। (ঘরে চুকে নীরেনকে লক্ষ করে) এঁর গলার সুর শুনে ভাবলুম দেখি না কী হচ্ছে।

রেবা। দেখ বদে।

বুশবুশ। কেউ কি কোথাও যাচ্ছে ?

রৈবা। হাঁ। আমি কলকাতা যাচ্ছি। বিদায়!

বুলবুল। সরি টু হীয়ার'ভাট। কার অস্থুখ ?

রেবা। কারুর না।

মোহিত। ভালো কথা। তোমার মাথাধরা কেমন আছে १

ুরেবা। যাক, এতক্ষণে মনে পড়ল! আমার মাথা ধর! সার্থক!

বুলবুল। মাথাধরার খবর তো পাইনি।

রেবা। ঐ যাঃ। খবরের কাগজে বিজ্ঞাপন দিতে ভুলে গেছি। কোই হায় ?

নেপথ্য। হজুর।

রেবা। ড্রাইভার আয়া ?

নেপথ্য। হুজুর।

রেবা। চললুম। বুলবুল, তুমিই দেখবে শুনবে। এ সংসারের ভার তোমাকেই দিয়ে গেলুম, বোন।

বুলবুল। বা, আমরা এলুম ছ'দিনেয় জন্যে বেড়াতে। সংসারের ভার কী রকম!

(त्रवा। इ'िम्सित कंत्रा (किन ! कित मिर्नित कर्ना। वृत्तवृत्ता। ७ की वलह, मिनि!

রেবা। ঠিকই বলেছি। চাবীটা তোমাকে দিয়ে যেতে পারলুম না, কিন্তু আমিও নিয়ে যাইনি। এই ঘরেই আছে কোথাও। মোহিত। এটা কি তামাশা হচ্ছে।

রেবা। কী বললে ? তামাশা ? না, তামাশা নয়। সত্যি আমি যাচ্ছি। সাত বছর সহা করেছি। আর না। ঔোমরা স্বুখী হও।

নীরেন। (হঠাৎ কী মনে করে) আমরাও সুখী হব, বৌদি। আমাদের প্রোগ্রামটি তো কম লোভনীয় নয়। কলকাতা থেকে আগ্রা, দেখানে তাজমহলেই আমাদের কত পূর্ণিমা কাবার হুবে, তার পর বসস্তে আমাদের লীলাভূমি কাশ্মীর—দেখানে কেবল আপনি আর আমি।

বুলবুল। তুমিও যাচ্ছ নাকি?

নীরেন। যাব না ? ওই যে সুটকেসটা দেখছ ওটা কে ফাটিয়েছে ? আর এই যে বোডিংটা এটা কে বেঁধেছে ? আমি।

বুলবুল। অসম্ভব! তুমি তো ঘুমুচ্ছিলে।

নীরেন। চোথ বুজে অপেক্ষা করছিলুম কথন তুমি যাবে। যেই তুমি গেলে অমনি আমিও গুছিয়ে নিলুম। ওই স্কুটকেসটাতে আমার স্কুট ফুটো ভরতে গিয়ে ঐ বিপত্তি।

বুলবুল। বলোকী! তোমার সুট ওই সুটকেসে!

নীরেন। আর আমার শেভিং সেট ওই বেতের বাকসটায়।

বুলবুল। সর্বনাশ! কোথায় যাচ্ছিলে ভোমরা! নীরেন। কাশ্মীরে বরফের উপর শী থেলা থেলতে। বুলবুল। কী খেলা খেলতে ?

নীরেন। শীথেলা। কেউ কেউ বলে স্কীখেলা। তুমি হলে°বলতে লীলাথেলা।

মোহিত। ওঃ! বুঝেছি। আমার কথাটা কি শুনবে দয়া করে ?

রেবা। শোনার কী আছে ? চেনাটাই আসল। তোমাকে চিনিনে ?

মোহিত। বাড়ীতে গেস্ট এসেছে, টেনিস খেলতে চায়, নিয়ে গেলুম ভদ্রতার খাতিরে। তোমাব মাথা না ধরলে তুমিও তো যেতে।

রেবা। কী অনুগ্রহ। আমি কি অত অনুগ্রহের যোগ্য!

মোহিত। নীরেনের জন্যে অপেক্ষা করা উচিত ছিল। কিন্তু শীতকালের দিন, খেলতে হলে দেরি করা চলে না। ভেবেছিলুম নীরেনও একট় পরে আসছে।

রেবা। জানি গো জানি। ছরাত্মার ছলের অভাব হয না। কৈফিয়তের অভাব কোন দিন হয়েছে যে আজ হবে! সারাক্ষণ চোখে চোখে না রাখলে তুমি যে কখন কার সঙ্গে কোথায় অদৃশ্য হও তা কি এই প্রথম!

নীরেন। আমিও এই তিন বছর জর্জরিত হয়েছি। একটু আরাম করে ঘুমোবার জো নেই। ঘুম ভাঙলে দেখি দশ দিক শুন্য। নাঃ। কোনো কৈফিয়ৎ শুন্ব না, বুলবুল।

নেপথ্যে। হুজুর।

রেবা। কে ? ডাইভার ? সবুর করো। বুলবুল। আচ্ছা, আমি কেন এ ঘরে শুধু শুধু রয়েছি ? (প্রস্থান)

নীরেন। ও কী ! দাঁড়াও। •আমার বিদায় নেওয়া হয়নি।
(প্রস্থান)

রেবা। বেশ আছে ওরা ছটিতে। যত গণ্ডগোল আমাদের বেলা।

মোহিত। আমরাও তো বেশ থাকি, রেবা। মাঝে মাঝে কেউ বেড়াতে এলেই তোমার এই পাগলামি চাপে। কেন তোমার এত সন্দেহ!

রেবা। বা, চোরকে সম্পেহ করব না ?

মোহিত। কে চোর ? আমি না নীরেন ? যাকে আজ আমার শোবার ঘরে আবিদ্বার করলুম। যার সঙ্গে তুমি ইলোপ করতে যাচ্ছিলে।

রেবা। যাই বলো, তোমার মনটা বড় ছোট।

মোহিত। কিন্তু আলমারিটা ভাঙল কী করে 📍

রেবা। ওটা আমারই কীর্তি। চাবী না পেয়ে টান মেরে ভেঙেছি।

মোহিত। এত বল তোমার! অবলা কেন ভবে এত বলে!

রেবা। ফলও তেমনি হাতে হাতে পেয়েছি। পিঠে চোট লেগেছে। মোহিত। (হাত বুলিষে দিতে দিতে) পাগল মেয়ে!

রেবা। যাও, তুমি তো আমার জন্যে ভারি কেয়ার করো! খেলতৈ চললে আমার মাথাধরা দেখেও। সেই বা কেমন! স্বামী ঘুমোচ্ছে দেখে পা টিপে টিপে চলল র্যাকেট হাতে!

মোহিত। না গেলে তুমি খুশি হতে গ

রেবা। কেনাহয় ?

মোহিত। আচ্ছা, তা হলে আর টেনিস খেলব না।

রেবা। তাকে তোমাকে বলছে ?

মোহিত। অর্থাৎ টেনিস খেলব তোমার পাহারায়। এই তো ?

রেবা। অমন কথা বললে আমি সভ্যি চলে যাব। আমার মনটা অভ ভোট নয়।

মোহিত। না, আমিই যাব।

রেবা। বা, তুমি কেন যাবে।

মোহিত। আমি যে যাব বলে কথা দিয়েছি।

রেবা। কাকে ?

মোহিত। বুলবুলকে।

রেবা। ওমা, এত!

মোহিত। গাড়ী বাইরে দাড়িয়েছে, আমি আর দেরি করব না। বুলবুলও তৈরি হয়ে থাকবে এত ক্ষণে। সেইজন্যে তো উঠে চলে গেল।

রেবা। (কিংকর্তব্যবিমৃত ভাবে) কথা দিয়েছ বুলবুলকে!

মোহিত। হাঁ, টিকিটও কিনে রেখেছি।
রেবা। (বিশ্বয়বিমৃঢ় ভাবে) এত দূর!
মোহিত। টাইম হলো, যাই, চেঞ্জ করি।
রেবা। (কেঁদে) ওমা! আমি তবে কী করব!
মোহিত। ছি. কাঁদছ কেন গ তমিই তো যাব যাব

রেবা। (মাথা খুঁড়ে) মরব। মরব। নিশ্চয় মরব। মোহিত। (গুন গুন করে) মরিব মরিব, স্থি, নিশ্চয় মরিব।

রেবা। আমাকে মেরে ফেল। মারো মারো আমাকে। মোহিত। তুমি মরবে, তবু হুকুম করা ছাড়বে না ? রেবা। না, ছাড়ব না। (জড়িয়ে ধরা)

মোহিত। অমন করে দেরি করিয়ে দিলে আজ্ব আর যাওয়া হবে না।

রেবা। না হলেই বাঁচি। মোহিত। পরে ডুমিই আমায় বকবে। রেবা। না, আমি বকব না।

মোহিত। চার চারখানা টিকিট মাটি হলে তুমি বকবে না ?

রেবা। (ছন্তিত হয়ে) চার চারখানা কেন ?
মোহিত। বা, তোমাকে কি আমরা সত্যি ফেলে যেতৃম

নাকি ? মাথাধরা থাকলেও টেনে নিয়ে যেতুম। এই অমনি করে। রেবা। কোথায় ? মোহিত। সিনেমায়।

(রেবার মুখে স্বর্গীয় আভা। ধীরে ধীরে মোহিতের বাহুপাশে—)

যবনিকা

350b (?)

(চরিত্রগুলি সম্পূর্ণ কান্ননিক)

अलं े शालं

আচার্য চক্রবর্তী, বৈজ্ঞানিক
ভাস্কর মজ্মদার, সহকারী
ডি এন পালিত ও তাঁর স্ত্রী
মালিরাম মোধপুরিয়া
কাছেমজী হাজী এছমাইল
চূণীলাল সাহা ও তাঁর স্ত্রী
নিস্তারণ নন্দী ও তাঁর স্ত্রী
অভ্যান্ত শরণাগত নারী ও শিশু
পঞ্চা, আচার্যের চাকর
স্থরেশ চটোপাধ্যায় ওরফে চট্স্কি, প্রাক্তন ছাত্র
সেনিন, ভট্টাচারন্ধি, আলিন, ঘোন্ধি, ধরকী, মিত্রোভ,
ওসমানোভ, ফকিরোভিচ প্রস্কৃতি বিপ্রবী

আচার্য চক্রবর্তী। (গবেষণাগারে পরীক্ষণরত। পায়ের কাছে প্রিয় কুকুর টম। হঠাৎ পিছন ফিরে) কীরে আজ তোর এত দেরি হলো কেন গ বারোটা বাজে।

ভাস্কর মজুমদার। (উত্তেজনা দমন করে) আচার্যদেব, আপনি বোধ হয় শোনেননি, কাল রাত্রে বিপ্লব ঘটে গেছে।

আচার্য। বিপ্লব! এখনো তোর মাথায় রাজনীতি ঘুরছে। আবার জেল খাটবি? যা, তোর নিজের জায়গায় বসে কাজ কর গে। अन्हे भानहे > १

ভাস্কর। আজকের দিনেও কি আপনি কাজ করবেন, আচার্যদেব ?

আচার্য। কেন, আজ কি সরস্বতী পূজা? এটা কোন মাস রে?

ভাসর। মেমাস।

আচার্য। তা হলে তো সরস্বতী পূজা হতে পারে না ?

ভান্ধর। না, আচার্যদেব। বিপ্লব।

আচার্য। আবাব ওই পলিটিক্স্! অমন করলে এ জীবঁনে এ দেশে সীন্থেটিক নাইট্রেট উদ্ভাবন করে ফসলের ফলন দশ গুণ করা হবে না। সোনার বাংলা সোনার বাংলা কবে জেলে গেলে কী হবে! হাতে কলমে দেখাতে হবে যে সত্যি এ দেশে সোনা ফলে।

ভাস্কর। দেখাতে হবে বৈ কি। কিন্তু তার জন্মে তো বিপ্লব অপেক্ষা করবে না।

(জন সাত আট শবণাগতের প্রবেশ। সঙ্গে নাবী ও শিশু। আচার্যেব পায়ের ধূলোর জক্তে কাডাকাড়ি। ত্ব এক জন ভাস্করের পায়ের দিকেও হাত বাডালেন।)

এক সঙ্গে তিন চার জন। দোহাই আচার্যদেব। দোহাই আপনার। আমাদের প্রাণে বাঁচান।

আচার্য। কেন, কী হয়েছে তোমাদের ? (একটি ছেলেকে কোলে টেনে—) কী রে, তোর নাম কী ? ভোম্বল। আর তোর বোনের নাম ?

তিন চার জন। আজে, আমাদের সর্বনাশ হয়ে গেল। আমরা সপরিবারে ভাসলুম।

আচার্য। আবার বন্থা! এবার কোন নদীতে ? কর্ণফুলী না ভিন্তা ?

ডি. এন. পালিত। না, সার, বহা। নয়।

আচার্য। তবে কী ? ছভিক্ষ ? কই, তোমার ভুঁড়ি দেখে তে' মনে হচ্ছে না ? (ভুঁড়িতে একটি মৃত্ব ঘুঁষি।)

পালিত। সার তা হলে খবরটা পাননি। কাল রাত্রে বিপ্লব ঘটে গেছে।

আচার্য। তুমিও বলছ বিপ্লব! ব্যাপারটা কী বুঝিয়ে বল দেখি! আবার একটা ফাণ্ড খুলতে হবে, চাঁদা তুলতে হবে? তা হলেই হয়েছে আমার নাইট্রেট!

মাঙ্গিরাম যোধপুরিয়া। তুজুর, কলকত্তা শহরমে— আচার্য। হিন্দী চলবে না। বাংলা।

মাঙ্গিরাম। কলকত্তা শহরে আর কোনোখানেই আশ্রয় মিলল না, তামাম জায়গায় ওদের ঘাঁটি। যেখানেই যাই সেখানেই লাল কোর্ডা। কালীঘাটে গেলাম। বললাম, কালী-মায়ীর দর্শন মাঙ্গছি। ওরা বলল, ওরে বলির পাঁঠা পাওয়া গেছেরে। খাঁড়া নিয়ে আয়।

কাছেমজী হাজি এছমাইল। আরে ভাই হামি গেছলাম কড়েয়া মসজেদে। সেখানকার ইমাম তো বিলকুল লাল বন গিয়া। হামাকে দেখে পুছল, আপনি কি কাছেমজী হাজি এছমাইল ? আমি বললাম, হঁ। সে বলল, বাঁচাতে পারব না। দেখলাম সেখানেও জবেহ করার বন্দোবস্ত। কসাইরা হামাকে তাভা করল।

আচার্য। (অভ্যমনস্ক ছিলেন) নোট করছিস তো, ভাস্কর।
আমাকে ছু'কথায় বুঝিয়ে বল দেখি এ দের ছুঃখটা কিসের।

ভাঙ্কর। আপনারা কী চান ? দয়া করে খুলে বলুন।

সকলে। আজে, আমরা আশ্রয় চাই। এর মতো নিরাপদ স্থান কলকাতা শহরে আর নেই।

আচার্য। কেন, তোমাদের বাড়ীঘরের কী হলো ?

নিস্তারণ নন্দী। বাড়ী ? এই কলকেতায় আমার নিজেরই তো সতেরোখানা বাড়ী। তা ছাড়া বন্ধক রেখেছি সাতান্ন খানা। অধমের নাম নিস্তারণ নন্দী।

আচার্য। আরে, ও কে! ধর্মভীরু নিস্তারণ নন্দী! তুমি! তোমাব এ দশা! কেন, তোমার সেই স্বদেশী পাটকলের কী হলো!

নিস্তারণ। (কাঁদতে কাঁদতে) আর বলবেন না, ঋষি। ইঁছুরকে সার্টিফিকেট দিয়ে বাঘ বানিয়ে দিলেন। কিন্তু কাল রাত্তির থেকে পুনমুষিক।

আচার্য। (ইতিমধ্যে অক্সমনস্ক) ভাস্বর, এঁদের চা দেওয়া হয়েছে ? ঐ যে থোকা-থুকুরা রয়েছে ওদের হাতে বিস্কৃট দিয়েছিস তো ? মা লক্ষীরা কী খাবে গো ?

মহিলারা। আমাদের প্রাণে বাঁচান, দেবতা। আমাদেব

স্বামীদের, ছেলেমেয়েদের অভয় দিন। আপনার পায়ে পড়ি।

জাচার্য। খুব গয়না পরেছ যে ! সে বার যখন দেশের জন্মে চাইলুম তখন তো গয়না খুলে দিলে না কেউ ?

নন্দীজায়া। এই নিন, কত চান ! কিন্তু এই কাচ্চাবাচ্চা-গুলি আজ থেকে আপনার।

মিসেস্ পালিত। আমার মিন্টুর আজন্মের সাধ আপনার মতো বিজ্ঞানতপস্বী হবে। তাকে যদি দয়া করে কাছে রাখেন। এই মিন্টু, ও কী হচ্ছে ? কুকুরের সঙ্গে ইয়ার্কি!

চুণীলাল সাহা। আমাকে রিসার্চ স্কলার বলে চালিয়ে দিন। আমি মদের দোকান করতে করতে চোরাই মদ চোলাই করতে শিখেছি।

পালিত। (ভাস্করকে কানে কানে) বেশী নয়। কোয়ার্টার পেগ পেলে চলবে।

ভাস্কর। এটা ডি স্টিলারি নয়, ল্যাবরেটরি।
পালিত। দেখছি চা ছাড়া উপায় নেই।
ভাস্কর। পঞ্চা। ও পঞ্চা। চা কর দেখি।
(ভৃত্যের প্রবেশ। মাধায় লাল টুপি।)

পঞা। দাদাবাবু, আপনিও মাত্রষ, আমিও মাত্রষ। ভাস্কর। কেন, তোকে অমাত্রষ বলছে কে ?

পঞা। আপনিই বলছেন। আমার নাম হলো গিয়ে পঞ্চানন। ডাকলেই পারেন, প্রঞানন মশাই। আমি তো



আপনাকে 'আপনি' বলি, আপনি কেন আমাকে 'তুই' বলেন ?

ভাস্কর। এখন থেকে 'আপনি' বলতে হবে নাকি ? আঁচ্ছা, তর্কপঞ্চানন মশাই, আপনি এঁদের সকলের জন্মে চা তৈরি করুন দেখি। আমি যাই বিস্কৃটি থুঁজতে।

পঞ্চ। আমি কেন চা করব ? আমি কি চাকর ?

্ আচার্য। (অক্তমনস্ক ছিলেন) এত চেঁচামেচি করছে কে ? পঞ্চা ?

পঞ্চা। এছে, কতা।

আচার্য। ঝট করে কিছু ফুলুরি ভাঞ্জিয়ে নিয়ে আয়। গরম গরম।

পঞা। ফুলুরিওয়ালা আজ ফুলুরি ভাজবে না। আজ হরতাল।

আচার্য। হরতাল কেন 📍 আবার কে গ্রেপ্তার হলো १

(লাল পোশাক পবে স্থবেশেব প্রবেশ।)

স্থুরেশ চট্টোপাধ্যায় । (পায়েব ধূলো নিতে গিয়ে মনে পড়ল ওটা ফিউডাল প্রধা। আকাশে হাত ছুঁড়ে স্থালিউট করল।)

আচার্য। কে ও, সুরেশ নাকি ? এমন লাল কেন ? আজ বুঝি দোল ?

স্থ্রেশ। না, আচার্যদেব আজ বিপ্লব। আচার্য। (পিঠে একটা কিল বদিয়ে) তোর গায়ে তেমন জোর নেই কেন ? খাওয়াদাওয়া করছিস না শুধু পলিটিক্স্ করে বেডাচ্ছিস ?

•স্থরেশ। ভাস্কর, আমি এসেছি ওয়ার্নিং দিতে।

ভাস্কর। কেন বলো তো ?

সুরেশ। মধ্যবিত্তরা এখানে আগ্রয় পাচ্ছে।

ভাস্কর। ওটা কি একটা অপরাধ?

কুরেশ। জান না ? আজ ভোরে একটা ফতোয়া জারি হয়েছে। রেডিওতে শোননি ? মধ্যবিত্তদের জন্যে একটা কন্সেন্ট্রেশন ক্যাম্প খোলা হয়েছে। যে সব মধ্যবিত্ত সেখানে না গিয়ে অন্য কোণাও যাবে তাদের ধরে চালান দেওয়া যাবে। যারা আশ্রয় দেবে তাদেরকেও চালান।

মাঙ্গিরাম। (কাঁপতে কাঁপতে ' দোহাই ধর্মাবভার।

সুরেশ। আমাকে খোসামোদ করে কী হবে ! আপনার যা বলবার আছে তা পিপ ল্স্ কোটে বলবেন।

পালিত। পিপ্ল্স্ কোট।

সুরেশ। হাঁ, ব্যারিস্টার সাহেব। জন আদালত। সেখানে একশো একজন বিচারক ও বিচারিকা। গাড়োয়ান, বিড়িওয়ালা, গণিকা-—

মিসেস্ পালিত। ওমা, কী হবে গো!

আচার্য। পঞ্চা, তুই এখনো দাঁড়িয়ে! যা ব্যাটা। যা, ফুলুরি না পাস মুড়কি নিয়ে আয়। ভোম্বলের নিশ্চয় ক্ষিদে পেয়েছে। ও ভোম্বল, তুমি যে বড় চুপ। ভাস্কর। (একটা টাকা পঞ্চার হাতে দিয়ে) জলদি।

আচার্য। ওরে ভাস্কর, বলি এটা কোন মাস ?

ভাস্কর। মেমাস।

আচার্য। তবে আজ দোলযাত্রা নয় ?

ভাস্কর। না. আচার্যদেব।

আচার্য। তবে, সুরেশ, তোর এ সাজ কেন গ

সুরেশ। জানেন না, আচার্যদেব ? আজ বিপ্লব।

আচার্য। বিপ্লব বিপ্লব স্বাই বলছে। ছ'কথায় বুঝিয়ে দে আমাকে, মানে কী:

স্থ্রেশ। মধ্যবিত্তদের দিন ফুরিয়েছে। তারা কে কোথায় গা ঢাকা দিয়ে ষড্যন্ত্র করছে আমরা সেই সন্ধানে ঘুরছি। ধনকুবেরদের ইতিমধ্যে ধরপাকড় করা হয়েছে। তারা এখন লালবাজারে।

আচার্য। ভাস্কর, নোট করছিস তো । এক কথায় বুঝিয়ে বল দেখি ব্যাপার কী । আমাৰ তো সময় নেই। সোনা ফলাতে হবে।

ভাস্কর। এক কথায়, কিষাণ মজতুর রাজা হয়েছে। আচার্য। বটে! তা হলে লাল রং কেন ? সুরেশ। ও যে আমাদের বুকের রক্ত। (যে সময় আচার্যেব সঙ্গে ভাস্কব ও অ্বেশ কণা বলতে সেই সময়

শরণাগভবা কথোপকথন কবছে।)

মাঙ্গিরাম। দাদা, পান আছে **?**

নিস্তারণ। আছে, কিন্তু পানের ভাও জানেন তো গ এক খিলি এক রুপেয়া।

মাঙ্গিরাম। নিন, তা হলে দশ খিলির দাম এই নোট।
নিস্তারণ। এ নোট তো চলবে না। মোহর নেই ?
মাঙ্গিরাম। দাদা, কিষাণ মজত্ব একজোট হতে পারে।
আমরা পারিনে ?

• কাছেমজী। আলবং। শেঠজী, আপনার পকেটে সিগারেট্ কেস দেখছি। হামাকে দিতে পারেন একটা সিগারেট १

মাঙ্গিরাম। অমন অন্থায় আবদার করবেন না, জনাব। এই সিগারেটই আমার মুখাগ্নি। জ্লন্ত চিতায় জ্যান্ত পুড়ে মরছি, দেখতে পাচ্ছেন না ?

পালিত। আমার কাছে আছে সিগারেট। হাজি সাহেব, আসুন বার্টার করা যাক। সিগারেট নিয়ে জর্দা দিন।

মাঙ্গিরাম। দাদা, অন্থতাহ করলেন নাং পানের বদলে কীচান, বলুনং

নিস্তারণ। (কানে কানে) কোকেন।
মাঙ্গিরাম। দিতে পারি। তবে—একটা কথা আছে।
(কোমরে কাঁধে ও হাতে হাতিয়াব সমেত লাল গরিলাব প্রবেশ।
সেনিন, ভট্টাচারস্কি, আলিন, ঘোস্কি, মিত্রোভ, ধরকী,
ওসমানোভ, ফকিবোভিচ প্রভৃতি।)

সেনিন। (খরেশকে) চট্স্কি, তুমিও ! সুরেশ। আমি শুধু এঁদের সতর্ক করে দিতে এসেছি। দেনিন। সতর্ক করতে, না ষড়যন্ত্র করতে ?
ওসমানোভ। চট্স্কি, তোমাকে আমরা বন্দী করলুম।
স্বরেশ। আমি এর প্রতিবাদ করি।
ওসমানোভ। প্রতিবাদ পিপ্ল্স্ কোর্টে কোরো
আলিন। বিশ্বাসঘাতকদের জন্যে পিপ্ল্স্ কোর্ট নয়।
তাদের জন্যে অন্য ব্যবস্থা। সরাসরি কোতল।

ু স্থরেশ। সরাসরি কোতল। এটা কি মগের মুল্লুক। মিত্রোভ। খবরদার। রাষ্ট্রের বিরুদ্ধে অমন উক্তি

রাইদ্রোহ।

আলিন। ঐ একটি উক্তিতেই প্রমাণ হচ্ছে তুমি প্রতি-বিপ্লবী। চট্স্কি, ভালো চাও তো স্বীকার করে। তুমি টাকা থেয়েছ।

স্থ্রেশ। আমি যে এখানে ওয়ার্নিং দিতে এসেছি এ কথা কে না জানে ? জিজ্ঞাসা করে। এঁদের প্রত্যেককে।

সেনিন। (মাঙ্গিবামকে) এই বুর্জোয়া। তুমি কিছু জান ?
মাঙ্গিরাম। জী হুজুর। যা বলবেন সব জানি।
সেনিন। ইনি কি এখানে এসে ষড়যন্ত্র করছিলেন ?
মাঙ্গিরাম। সব ঠিক।
সেনিন। আর তুমি ? তুমি জান ?

কাছেমজী। এক দম ঠিক।

সেনিন। তুমি—তুমি অমন করে কাঁপছ কেন ? তুমিও এর মধ্যে আছ ? না ? নিস্তারণ। আজে আমি কোকেন সম্বন্ধে কিছু জানিনে। সেনিন। কোকেন গ কোকেনের কথা হচ্ছে না। বল, ইনি-তোমাদের সঙ্গে যড়যন্ত করছিলেন গ

নিস্তারণ। ভাষণ ষড়যন্ত্র। সাংঘাতিক ষড়যন্ত্র।
সেনিন। চট্স্কি, তোমার সাক্ষীরাই তোমার বিপক্ষে
বলছে। আর কেউ আছে গ

সুরেশ। ভাস্কর, তুমি তো জান।

ভাস্কর। স্থ্রেশ আমার সহপাঠী। সে আমাকে ও আচার্যদেবকে বলতে এসেছিল যে মধ্যবিত্তদের আশ্রয় দেওয়া একটা অপরাধ।

ভট্টাচারক্ষি। সহপাঠীর জন্যে আপনি যথেষ্ট মাথা ঘামিয়েছেন দেখছি।

ওসমানোভ। একেও বন্দী করা যাক। কী নাম গ ভাঙ্গর। ভাঙ্গর মজুমদার।

আলিন। মজুতদার ? এই সেই গোপন মজুতদার—
সেনিন। যাই হোক, চট্স্কি আমাদের কমরেড। তাকে
সরাসরি কোতল করা যায় না। তাকে—শুনছ, ফকিরোভিচ ?
ফকিরোভিচ। স্পার।

সেনিন। তাকে কমরেড নম্বর বিরাশী'র কাছে দিয়ো। তিনি নেপথ্যে বিচার করবেন। আর এই মজুতদারকেও সঙ্গে নিয়ো।

(পঞ্চার প্রবেশ)

পঞা। ও কী! দাদাবাবুকে তোমরা পাকড়াও করছ কেন ? ও কর্তা!

আচার্য। (অভ্যানসং ছিলেন) কৈই, মুজ্ এনেছিসি । পঞা। কতা, মুজ্ মিছরির এক দর। মুজ্ওিয়ালা চাঁদি কিপো চায়।

আচার্য। বটে! ব্যাটাকে পুলিশে দিয়ে এসেছিস, না ভাস্করকে পাঠাব ?

ফকিরোভিচ। পুলিশ তো আমিই। আমার বিনা ছকুমে কে মুজিওয়ালার গায়ে হাত দেয়! সে যে গোটা ছুই সোভিয়েটের মেম্বর! একটা, পাড়ার লোকের গণ সোভিয়েট। আরেকটা, চিডেমুডি চানাচরওয়ালাদের শ্রেণী সোভিয়েট।

সেনিন। আমরা লাল ফৌজের মোবাইল কলম (mobile column)। আপনার গবেষণাগার দেখছি প্রতিবিপ্লবীদের আড়া।

ভট্টাচারন্ধি। আমরা ভেবেছিলুম আপনাকে আমরা সম্পূর্ণ বিশ্বাস করতে পারি। আপনিই একমাত্র বুর্জোয়া যাকে সোভিয়েট বাংলার প্রয়োজন আছে। নাইট্রেট আমাদের এই মাসেই দরকার। কিন্তু আপনার আশ্রয়ে এই সব প্রতিক্রিয়া- শীলদের আবিষ্কার করে আমরা আপনাকেও অবিশ্বাস করতে শুরুক্রেছি।

আচার্য। য্ট্রা! এসব কী বকছে! পঞ্চা, তুই তাড়াতাড়ি সিরাপ দিয়ে সরবং তৈরি করে নিয়ে আয়। রিফ্রিজারেটরে বরফ আছে। আগে এদের মেজাজ ঠাণ্ডা হোক।

ু চুণীলালের বৌ। আগা, বেচারাদের কী কষ্ট। এক গা গয়না নয় তো, বন্দুক পিস্তক সঙীন ছোরা!

নন্দীজায়া। সেকালের মেয়েদের গয়নার মতো বইতেও পারে না, খুলতেও পারে না!

মিদেস পালিত। ঘুরে ঘুরে ঠগ বাছাই করা কি সোজ। কাজ! ঠগ বাছতে গিয়ে গাঁ উজাড় না হয়!

সেনিন। ওসমানোভ!

ওসমানোভ। সার্দর!

সেনিন। এদের স্বাইকে রাউণ্ড আপ কর। এদের নিয়ে যাওয়ার ঠিকানা পিপূলুস কোর্ট। বৃঝলে গ

ওসমানোভ। অপ্রিয় কর্তব্য। মহিলারা মাফ করবেন।
ধরকী। (খোস্কিকে) সব লক্ষ্য করছি। একদিন লিথব
আমার গণ উপত্যাস।

ঘোস্কি। আমার গণ কাব্য তো কাল রাত্রেই আরম্ভ করেছি। ওলট পালট ২৯

(এমন সময় রাষ্ট্রায় ব্যাণ্ডের বাজনা ও মিছিলের গান। ভিতরে মহিলাদের আর্তনাদ ও শিশুদের ক্রন্দন। সব মিলে গণসঙ্গীত)

দেখছ যা সব কিছু আমাদের।
নয় নয় মামাদের।
এইসব রাজপথ আমাদের
এইসব ইমারত আমাদের
এইসব দোকান তো আমাদেরই
এইসব মোকান ভি হামাদের।
নয় নয় মামাদের।
— ইনকিলাব জিন্দাবাদ।

ওই সব আলমারি আমাদেব ওই সব মনিহারি আমাদেব ওই সব জামাশাডী আমাদের গো ওই সব পুরনারী আমাদের। নয় নয় মামাদের।

দেখছ যা সব কিছু আমাদের।

সব কুছ হামাদের।

হানিফের লতিফের সামাদের।

রামাদের শ্রামাদের বামাদের।

সব কিছু আমাদের।

নয় নয় মামাদের।

—মামুলোগ মুর্দাবাদ।

দেখছ যা সব কিছু কাদের ? আমাদের। নয় কাদের ? মামাদের।

षागारनत, षागारनत, षागारनत।

সব কুছ হামাদের, হামাদেব।

(বাইরে যতক্ষণ গান চলছিল ভিতরে ততক্ষণ গ্রেপ্তার ইত্যাদি।

ক্রমশ ঘর থালি হয়ে গেল। রইলেন তথু আচার্য।)

পঞ্চা। (প্রবেশ করে) সরবৎ এনেছি, কতা।

আচার্য্য। (চোখ মুছে) কে, পঞু ? অতিথিরা চল্লে-গেছেন। অতিথিসেবা করতে পারলুম না।

शका। मामातातु ?

আচার্য। তাকেও ধরে নিয়ে গেছে। মারবে না কী করবে কে জানে!

পঞ্চা। না, না। মারবে না। আমি তাঁকে উদ্ধার করে আনব।

আচার্য। কিছু বুঝতে পারছি নে। একরাত্রে পৃথিবী উল্টেগেল। পঞ্চা বলছে উদ্ধার করবে ভাস্করকে! আর আমি! আমি রক্ষা করতেও অক্ষম। হা ভগবান! (কুকুবটা কেঁদে উঠল।)

যবনিকা

(চরিত্রপ্তলি সম্পূর্ণ কারনিক)

>>85 (🕴)

रामव ना काँ पव

লেডী নিভাননী গ্যাংগুলী রানী কেশবকামিনী দেবী গ্রীযুক্তা মহাশ্বেতা দেবী রেবা, সুলতা, শোভনা, নীলা, সবিতা প্রভৃতি মেয়েরা

(পরচর্চা পরিষতের অধিবেশন। এতক্ষণ পরচর্চা চলছিল। এইমাত্র সাময়িক প্রসঙ্গ হয়েছে। এমন সময় লেডী নিভাননী গ্যাংগুলীর প্রবেশ।)

মেয়েরা। আসুন, লেডী গ্যাংগুলী। আ-সুন। আসুন, লেডী গ্যাংগুলী। আ-সুন।

নিভাননী। আপনারা আমাকে অপমান করছেন ?

রেবা। ওমা, অপমান কাকে বলছেন । আমরা যে আপনাকে সম্বর্ধনা করব বলে সংকল্প করেছি। টাউন হল তো পাওয়া যাবে না। দেখি যদি ইউনিভার্সিটি ইন স্টিটিউট জোগাড় করতে পারি।

নিভা। কেন, সম্বর্ধনা কেন ? আমি কী এমন করেছি যে—

সুলতা। কী না করেছেন! আপনার জন্মেই তো হিন্দু সমাজ এ যাত্রা বেঁচে গেল, মাসিমা। নইলে রাও কমিটি তো তাকে জবাই করতে যাচ্ছিল। শোভনা। বাস্তাবিক, বয়সে আপনি আমাদের চেয়ে খুব বেশী বড়নন। কিন্তু মনটা আপনার বাহান্তুরের চেয়ে বুড়ো। রেবা। যা বলেছিস। ত্রেতাথুগে মন্থরার মন ছিল এমুনি উঁচু দরের।

নিভা। আবার অপমান! আমি মন্থরা!

নীলা। না, না, মহুরা নন, মস্থুরা নন। আমি বলব ?

সুলতা। না, তোকে বলতে হবে না। আমার মাসিমা ন্দু মন্থ্যা কি মন্দোদ্রী হন আমি হব হিড়িম্বা কি উলুপী।

নীলা। না, না, মন্দোদরা নন। মন্দ্রংহিতা।

রেবা। যাঃ! অমন নাম কি মান্থবের হয়!

নালা। হবে না কেন, শুনি ? গীতা কার নাম ? গায়ত্রী কার নাম ? মানুষের না আর কারো ?

রেবা। তা হলেও মন্মসংহিতা! আমি বলি মন্মজমর্দিনী!

নিভা। অসহা! ডেকে এনে অসভ্যতা। চ**গল্ম রে,** সুলতা।

সুলতা। সে কী, মাসিমা! রানীমা এখনো এসে পৌছননি।

নিভা। ওঃ রানীমাকেও আসতে বলেছ ? বসি তা হলে। দেখি রানীর কী রকম অসমান হয়।

সবিতা। না, না, ওটা আপনার ভুল, লেডী মাসিমা। অসমান আমরা আপনাকে করতে চাইনি। অসমান যদি করতে চাইতুম তা হলে লেডী বলতুম না। নিভা। লেডী বলতে না শুনে সত্যি আশ্বন্ত হলুম।
কেননা হিন্দু নারীর পক্ষে ওর চেয়ে আপত্তিকর উপাধি আর
নেই। রাও কমিটি তো আমার সাক্ষ্য নেবার সময় মুচকি
মুচকি হাসছিল।

সুলতা। এই ছুঁড়ি! থাম! বলুন, মাসিমা, রাও কমিটির ঘরের খবর। ওরা কি সত্যি ক্ষেপেছে।

শোভনা। এই, তুই কী বলছিলি ? লেডা না বলে কী বলতিস ?

সবিতা। নেডী।

শোভনা। ওমা, কী ঘেলা! নেড়ী!

সবিতা। শুনিসনি ? সত্যকিঙ্কর সাধুর্থা যেবার নাইট উপাধি পান তাঁর স্ত্রী কোথায় আনন্দ করবেন না কেঁদে আকুল।

শোভনা। সত্যি ?

সবিতা। তা হলে শুনিসনি ঠিক। শোন তবে। সার সত্যকিঙ্করের সত্তর আশিজন ঝি চাকর এক বাক্যে বলে, নেড়ী সাধুখাঁ। মুদি গয়লা পানবিজিওয়ালারাও বলতে আরম্ভ করে, নেড়ী সাধুখাঁ। কথাটা যখন কানে এলো লেডী বললেন লর্ডকে, অর্থাৎ স্বামীকে, তুমি যদি রাজা উপাধি পেতে সকলে আমাকে রানা বলে ডাকত। তুমি সরকারকে বলো, এ উপাধি চাইনে, ও উপাধি চাই।

শোভনা। হাহাহা।

নীলা। এত হাসি কিসের! এত হাসি একা হাসতে নেই। শেয়ার করতে হয়।

(এমন সময় প্রবেশ কবলেন খক্রাকোটের রানী কেশবকামিনী দেবী।)

সকলে। আ-সুন, রানীমা, আ-সুন। আ-সুন, রানীমা, আ-সুন।

ি নিভা। এসো, দিদি, এসো, তোমার জন্মেই এ শরশয্যায় শুযে আছি।

त्रानी। শत्रभया।

নিভা। তা নয় তো কী! এত অপমান সহা হয় না, দিদি। ওরা ভাবছে আমার কান নেই, শুনতে পাইনে। রানী নই বলে আমি যেন কিছু নই। আমি যেন একটা সঙ। আমাকে মন্থ বলেছে, নেড়ী বলেছে, যাব তার সঙ্গে তুলনা করেছে—

রানী। এই বাঁদর মেয়েরা! তোমাদের মনে যদি এই ছিল তো আমার ওখানে ধনা দিতে গেলে কেন ?

রেবা। বা, আপনি সহায় না হলে আমরা সভা করব কী করে ?

সবিতা। সভানেত্রী হবে কে ? চাঁদা দেবে কে ?
স্থলতা। লেডী মাসিমার সম্বর্ধ নার ভার তো ৰলতে গেলে
আপনার উপরেই।

রানী। সে কথা ঠিক। হিন্দু সমাজের জন্যে নিভা যা করেছে তার তুলনা নেই। ও নিজে দিন রাত সাহেবমেমের সঙ্গে নাচছে থাচছে। কী করবে, উপায় নেই। ওর স্বামী একজন ধনকুবের। কিন্তু স্থিন্দু সমাজের জন্যে ও সত্যি ভাবে।
- আমি নিজে দেখেছি ওর রাত্রে ঘুম হয় না।

সুলতা। রাত্রে ঘুম হয় না, তা আমিও দেখেছি। কিন্তু ওট্টা কি হিন্দু সমাজের জন্মে ভাবতে গিয়ে, না ছেলেদের ভবিশ্বং ভেবে ?

রানী। একই কথা। মেয়েবা যদি সম্পত্তির শরিক হয়
স্বামীর ব্যবসা চৌচির হয়ে যাবে। তখন তো এক একজন
এক একটি কোটিপতি হবে না। হবে বড় জোর নিযুতপতি।
এ কি কম ছঃখের কথা! আমার তো বুকে ব্যথা দেখা
দিয়েছে।

শোভনা। আপনার কিসের ব্যথা, রানীমা। খয়রাকোটের কয়লার খনির ইজারা থেকে তো আপনার বছরে সাড়ে তেইশ লাখ টাকা আসে।

রানী। কিন্তু সেও তো সাত আট ভাগ হয়ে যাবে। আমার এক পাল মেয়ে। এত দিন এক পাল ভেড়ার মতো ব্যা ব্যা করত, এখন এক পাল বাঘের মতো হালুম হালুম করছে। ছেলে ছটো তো ভয়ে কাঠ। ওদেরও বুকের ব্যামো শুরু হয়েছে। বাঁচে কি না সম্পেহ।

রেবা। না বাঁচলে তো মেয়েদের আরো সুবিধে।

রানী। সে কি আমি বুঝিনে! সেইজন্যে আমার প্রাণে ভয় কোন দিন না ওরা ওদের ভাইদের ভাতে বিষ মেশায়! আমার বুকের ব্যথার কারণ তো শুনলে। এখন বলো দেখি এর কী দরকার ছিল! মুখপোড়া রাও কমিটি কেন আমার বাছাদের সর্বনাশ করে! শুধু কি আমার বাছাদের ? দেশময় যত বাছা আছে—

সবিতা। বাছুর আছে—

নিভা। এই মেয়েটাই আমাকে নেড়ী বলেছে। তাতেও ক্ষান্ত হয়নি। আমার বাছাদের বলছে বাছুর। আমি চললুম!

রানী। অমন যদি করো তো আমিও উঠে যাব, সবিতা।

সবিতা। কেন, আমি তো আপনাকে খয়রানী বলিনি, যেমন বলেছিলুম মিদনাপুরের ময়রানীকে।

রানী। ওমা! মিদনাপুরের ময়রানী বললে কাকে? মেদিনীপুরের মহারানীকে?

সবিতা। মহারানীরা যথন রাজমর্যাদা ভুলে সভায় সভায় বক্তৃতা দিয়ে বেড়ান তথন আমরা তাঁদের মিষ্টি কথার মিষ্টান্ন থেয়ে বলি, আহা সাক্ষাৎ ময়রানী।

রানী। মহারাজারাও তো তাই করছেন দেখি। **তাঁদের** বেলা কী বলবে ?

সবিতা। তাঁদের বলব ময়রা রাজা। সংক্ষেপে ময়রাজা। নিভা। আর আমাদের স্বামীদের ? সবিতা। নেড়ীদের স্বামীদের কী বলা উচিত। নেড়া নিশ্চয়। কিন্তু সার হিমাংশু তা শুনে লজ্জা পাবার পাত্র নন। তাঁর যে মাথাজোড়া টাক। আর সিন্দুকভরা টাকা। সার হিমাংশুকে আমরা বলব—থাক, বলে কাজ নেই।

শোভনা। অত কুণ্ঠা কেন ? বলে ফেল।

সবিতা। সার হিমাংশুকে কিছু না বলাই ভালো, কিন্ত সার হর্ষবর্ধন ঘোষ হাজরাকে বলব, খা হর্ষবর্ধন।

নিভা। তার মানে কী হলো । কোন দেশী শব্দ ওটা ?ু

সবিতা। সংস্কৃত। শ্বাপদ হয়েছে ওর থেকে। নিভা। কী! আমার স্বামী কুকুর!

সবিতা। তা আমি কী করব! খা মানে কুকুর, কে নাজানে।

নিভা। কিন্তু তুমি ছাড়া কে বলছে 'সার'কে 'ধা' ?

রানী। মহারানীকে ময়রানী १

মেয়েরা। আমরা সকলে।

নিভা। আপনাদের সম্বর্ধ নাসভা তা হলে এই রকমই হবে! এমনি অশ্রন্ধার সঙ্গে!

স্থলতা। না. না, আমরা সত্যি আপনাকে মানপত্র দিতে চাই। আপনি আমাদের রক্ষা করেছেন।

নিভা। রক্ষা করেছি মানে ?

স্থলতা। আমরা ভেবে দেখলুম যে পিতার সম্পত্তিতে আমাদের ন্যায়সঙ্গত উত্তরাধিকার ভাইয়ের অধে ক নয়, ভাইয়ের সমান। আমরা যদি রাও কমিটির প্রস্তাব মেনে নিই তো

অধে ক হারাব। স্ত্রাং ও প্রস্তাব যেমন আপনাদের চক্ষুঃশূল তেমনি আমাদেরও।

রানী । সরবোনাশ ! তোমরা তলে তলে এই ফন্দী এঁটেছ ! আমাকে সভানেত্রী করে আমার বাছাদের আরো বঞ্চিত করবে !

সুলতা। আমরাও কি আপনাদের বাছা নই, রানীমা ?

অ।মরা কি আসমান থেকে নেমে এসেছি ? এমন জানলে কে
আপনাদের মেয়ে হয়ে জন্মাতে রাজী হতো ?

রানা। না, তোমরাও আমাদেরই কোলের সস্তান। কিন্ত তোমাদের তো, মা, স্ত্রীধন দেওয়া হবে। তোমাদের কিসের অভাব! ওদিকে শৃশুরকুলের সম্পত্তিও তো ভোগ করবে।

বেবা। আমরা প্রস্তাব করি এখন থেকে ছেপ্টেদর স্বামীধন দেওয়া হোক। আর আমাদের দেওয়া হোক পিতার সম্পত্তির যোলো আনা উত্তরাধিকার।

রানী। উঃ! আমার বুক গেল! আমি আর বাঁচবো না!

নিভা। আমি চললুম। আর এক মুহূর্ত সহা হয় না এই ধর্মের উপর হস্তক্ষেপ।

(হেনকালে প্রবেশ করলেন শ্রীযুক্তা মহাশ্বেডা দেবী, লেখিকা)

মেয়েরা! আসুন, মহাসতী দেবী, আ-সুন। আসুন, মহাসতী দেবী, আ-সুন।

মহাখেতা। কিন্তু আমার নাম তো মহাসতী নয়।

সবিতা। কী! আপনি মহাসতী নন! শুনলি রে, শোভনা ?

শোভনা। আমারও মেই সন্দেহ ছিল।

রেবা। তবে যে উনি সেদিন ছ'হাজার লোকের সভায় দাঁডিয়ে উচ্চ কপ্তে বললেন, ভারতনারীর সতীত্ব হবে অতীতের বস্তু--

সবিতা। অতীতের বস্তু! মহাভারতের নায়িকার নাম পাঞ্চালী। তাঁর পঞ্চপতি। তাঁর শাশুড়ীর নাম পৃথা। পৃথার পতি যদিও একটি সন্তানের পিতা চারটি। অতীতকে বর্তমান করা হোক।

মহাখেতা। ছি ছি ছি! কেন আমাকে তোমরা এখানে ডাকলে!

স্থলতা। জানেন নাঃ আমরা যে লেডী মাপিমাকে সভা করে মানপত্র দিতে যাচ্ছি। আপনি ছু'কথা না বললে জমবে কেন ?

রেবা। আপনার নামই তো আমাদের বিজ্ঞাপন।

নীলা। বলতে গেলে আপনিই সে সভার হ্যামলেট। আপনাকে বাদ দিয়ে সভা হয় না।

সবিতা। এবারেও ওই রকম একটি মর্মভেদী উক্তি করে সব যুক্তির মূলে কুঠার হানবেন।

শোভনা। এবার বলবেন, আমার পরেই প্লাবন। ভারতে স্বৃী বলে আর একজনও থাকবে না। মহাশ্বেতা। কথাটা নেহাৎ মিথ্যা নয়। দেশ দিন দিন কোথায় যাচ্ছে!

সুলতা। কিন্তু সতী মাসিমা, আপনি রাও কমিটির প্রস্তাব নাকচ করে আমাদের রক্ষা করেছেন। আপনি এক বিবাহের— পক্ষপাতী নন, বহু বিবাহের পক্ষে। আমরাও এক বিবাহ চাইনে, বহু বিবাহ চাই। কুন্তা আর দ্রোপদী আমাদের আদুর্শ।

মহাশ্বেতা। শ্রীহরি! শ্রীহরি! মধুস্দন! গেল! গেল! হিন্দুত্ব গেল! ভারত গেল।

নিভা। আমি চললুম। আর এক মুহূর্তের এক ভগ্নাংশ নয়।

রাণী। আমার কি চলার জো আছে ? মুখ দিয়ে রক্ত উঠবে।

রেবা। ও কী! মানপত্র নিয়ে যাবেন না! আমরা সারা দিন বসে বসে মুসাবিদা করেছি। একটি বার শুনে যান। নীলা। এক মিনিট বসতে অন্মরোধ করি। একটা ফোটো তুলে নিই।

সুলতা। সত্যি তা হলে উঠলেন ? বড় ছঃখ পেলুম আমরা।

মহাখেতা। ওঃ কী লাঞ্না! শ্রীত্র্গা! প্রাত্র্গা! তুর্গা তুর্গতিনাশিনী!

সবিতা। রাও কমিটি গেছে। আপদ গেছে। কিন্তু যা আসহে তার হাত থেকে উদ্ধার নেই। মহাখেতা। কী আসছে ?
সংবিতা। রায় কমিটি।
রাণী। ওমা, ওটা আবার কোন জন্তঃ!
সবিতা। দেখবেন, যদি বেঁচে থাকেন।
নিভা। শুনি একটু।

ুসবিতা। মেয়েদের বহু বিবাহের অধিকার তো স্বীকার করা হবেই, ভাইদের সঙ্গে বোনদের সমান অধিকার প্রতিষ্ঠা করা হবে। আমরা অধে ক অংশ নেব না, সমান অংশ নেব। ভাতে যদি ভাইদের আপত্তি থাকে তারা কিছু নগদ টাকা আর দানসামগ্রী নিয়ে বিয়ে করতে পারে।

মহাখেতা। তার আগে যেন আমার মরণ হয়।

সবিতা। যাট, ষাট, ও কী অলক্ষুণে কথা! আপনাকে শতায়ু হতে হবে, শতায়ু হয়ে স্বচক্ষে দেখে যেতে হবে যে ভারত আবার মহাভারত হয়েছে। কেবল কি মহাভারত! শ্রীমদ্ ভাগবত। যাতে গোপীদের বৃত্তান্ত আছে।

মহাশ্বেতা। প্রণমামি শিবং শিবকল্পতরুং! বাবা বিশ্বেশ্বর! বাবা বৈছ্যনাথ!

নীলা। ব্যস্! আমার ফোটো তোলা শেষ।

শোভনা। ভালোই উঠবে, রানীমা। পোজ দিতে আপনারা আজীবন অভ্যন্ত। নিভা। য়াঁ। এটা কী বললে।

শোভনা। বলছিলুম সারাজীবন তো অভিনয় করে কাটিয়ে দিলেন। এক একটি পৌরাণিক চরিত্র। মঞ্চের বাইরে যে যুগ বদলে গেছে তা কি কেউ আপনাদের জানায়নি? একটু সতর্ক করে দেয়নি ?

নিভা। কেন ? আমরা কি কম আধুনিক ? এর চেয়ে ় আপটুডেট সাজপোশাক তোমরা পাবে কোথায় ?


রেবা। এটাও একটা অভিনয়ের মেকআপু। ১৯৮/এই মহাশ্বেতা। আর না। এবার উঠতেই হলো। (ভিনজনেই

মহাশ্বেতা। আর না। এবার উঠতেই হলো। (তিনজনেই উঠলেন)

সুলতা। না, না, উঠিতে দেব না। আগে মিটিমুখ করুন। লেডী মাসিমার জত্যে বিশুদ্ধ বিদেশী কেক আনিয়েছি। সতী মাসিমার জত্যে পুরীর মহাপ্রসাদ। আর রাণীমার জত্যে সরভাজা সরপুরিয়া।

যবনিকা

চেরিত্রগুলি সম্পূর্ণ কাল্পনিক)



বৈজয়ন্ত তার স্ত্রী রাত্ম তার স্ত্রীর বান্ধবী হেনা তিন জনেরি বন্ধু শিশির

স্থান দার্জিলিং। ছোট একখানা বাডীব বিলিতী ধবণে সাজ্ঞানো বসবার ঘর। কাল মধ্যাহ্ছ। বৈজয়ন্ত তখনো ড্রেসিং গাউন পরে মাথায় হাত দিয়ে বেসে ভাবছে। কত বেলা হযেছে খেয়াল নেই। হেনা ততক্ষণ বাগানে ছিল। ফুলেব তোডা হাতে ঘরে ঢকল।

হেনা। এই নাও।

বৈজু। বাঃ কী সুন্দর! [একটি রোডোডেনডুন খুলে নিষে হেনার খোঁপায় ভাঁজে দিল।]

হেনা। ছিঃ ও কী করছ। কেউ দেখলে কী মনে করবে!

বৈজু। সেই কথাই তো ভাবছি।

হেনা। ভাবছ ? কী ভাবছ ?

বৈজু। ভাবছি··ভাবছি··ভাবছি। ভাবনার কি আদি আছে না অন্ত আছে!

হেনা। শুনতে পাই ?

বৈজু। শুনবে ? শশুনতে কি ভালো লাগবে তোমার! হেনা। খানিকটে শুনলে বলতে পারব ভালো লাগবে কিনা।

বৈজু। ভাবছি মানুষের অকৃতজ্ঞতার কথা। বারোঁ বছর আগে আমি যখন বার্লিনে তখন ফিরে আসার প্যাসেজ জোটাতে পারিনে। অথচ ফিরে আসা আমার চাই। নইলে হিটলার যে কোনো দিন যুদ্ধ বাধাবে, আমাকে আটক করবে কন্সেন্ট্রেশন ক্যাম্পে। বাবাকে চিঠি লিখি। তিনি বলেন তিনি ইন্সল্ভেন্সী নিয়েছেন। টাকা পাঠালে ধরা পড়বেন। আর টাকাই বা কে তাঁকে ধার দেবে! যারা দিতে পারত তারা মাল খরিদ করছে, চোরা বাজারে বেচবে।

হেনা। তথন?

বৈজু। তখন রাম্ন কেমন করে জানতে পায়। একটি কথা না বলে গা থেকে গয়না খুলে নিয়ে বন্ধক দেয়। আমি তো ধরে নিয়েছিলুম বাবা পাঠিয়েছেন বেনামীতে। দেশে ফিরে এসে দেখি দেবী আমার নিরাভরণা। সেইজ্বন্থেই তো ওকে এত ভালোবাসি।

হেনা। শুনে সুখী হলুম।

বৈজু। তার পর দেশে ফিরে এসে বন্ধক ছাড়িয়ে আনি। কিন্তু এমনি আমার বরাত! খনিতে হলো য়্যাকসিডেণ্ট। অমন তো কত হয়। এঞ্জিনীয়ার জখম হয় কখনো! আমার বেলা যত রাজ্যের গ্রহনক্ষত্রের চক্রান্ত। যমে মামুষে টানাটানি। যমের হাত থেকে আমাকে ছিনিয়ে আনল কে? আমার সাবিত্রী। আমার রাস্থা সেইজনেই তোওকে এত— হেনা। ভালোবাসো। আনন্দ হয় শুনে।

বৈজু। কেন । এই তো সেদিন। পানিবসস্ত হলো আমার। কী সেবাটাই না করল রামু ! সামান্য পানিবসস্ত। সেবাটা কিন্তু রাজকীয়। যেন রাজার অসুখ। রাজযক্ষা।

হেনা। ছিঃ অমন কথা মুখে আনতে নেই। তা ছাড়া যার উদ্দেশে এসব বলা হচ্ছে সে তো কান পেতে শুনছে না। সে এখনো বাড়ী ফেরেনি।

বৈজু। আরে না, না। তার কাছে আমার মুখ পুড়ে গেছে। কোন মুখে বলব! তোমাকেও কি বলতুম! তুমি জানতে চাইলে কী ভাবছি। তাই বলতে হলো।

হেনা। থাক, তোমার ভাবনা তোমারই থাক। রাহুর জন্মে তুলে রাথতে পারো।

বৈজু। হেনা, আমাকে ভুল বুঝো না। আমি তোমার কথাও ভাবছি। কিন্তু সে কথা বলবার আগে এ কথা শেষ করে দিই।

হেনা। কীকথা?

বৈজু। বলছিলুম যার কাছে কৃতজ্ঞতায় মাথার চুল বিকিয়ে গেছে তার সঙ্গে—তার মতো দেবীর সঙ্গেও—কেউ বিশ্বাস্থাতকতা করে!

হেনা। বিশ্বাসঘাতকতা কি তুমি ঐ একজনের সঙ্গেই করেছ ? আরেক জনের সঙ্গে করনি ? ভেবে ছাখ। যে মুহূর্তে তার সঙ্গে বিশ্বাসঘাতকতা করলে সেই মুহূর্তে আমার সঙ্গেও করলে।

বৈজু। তাই কি ?

হেনা। হাঁ, তাই। দুর থেকে তোমাকে পূজা করে এসেছিলুম এই দশ বৎসর। কোনো দিন জানাইনি। সেই
য়্যাক্সিডেন্টের সময় প্রথম দেখা। আর কাউকে বিয়ে করিনি,
করলে স্বামীকে ভালোবাসতে পারত্ম না, অপরাধ হতো।
কে চেয়েছিলো দার্জিলিং আসতে ! কে চেয়েছিলো গ্যাংটক
যেতে ! আমি না। তবে কেন অমন অঘটন ঘটলো !
কেন অমন অঘটনের স্থোগ নিয়ে অবিশ্বাসের কাজ করলে !
এখন আমি করি কী ! কোথাই দাঁড়াই ! যদি সন্তান আসে
আমি তো তাকে ফিরিয়ে দিতে পারব না, ফেলে দিতে
পারব না।

বৈজু। তা হলে তো আমি বর্তে যাই। তা হলে তো আমি নির্মল বিবেক নিয়ে তোমাকে বিয়ে করি। তথন আর এটা পাপ বলে মনে হবে না। এ আমার সন্তানলাভের হেত।

হেনা। সন্তান চাও তুমি ?

বৈজু। কে না চায় ?

হেনা। সত্যি বলছ ?

বৈজু। সত্যি সত্যি তিন সত্যি।

হেনা। রাহ্বর সন্তান হয়নি বলে তোমার মনে আফসোস্ ছিল ? বৈজু। খুব ছিল। তা বলে আমি আবার বিয়ে করার কথা স্বপ্নেও ভাবিনি।

• হেনা। এখন না হয় তোমার সমস্থার সমাধান হলো। ওর সমস্থার সমাধান হবে কী করে ? ও কি মা হতে চাইবে না ? আমাকে বিয়ে করে তুমি কি ওর সম্ভানলাভের হেতু হবে ভেবেছ ?

বৈজু। তা-না-না-না-হাঁ-না।

হেনা। ওটা কি একটা উত্তর হলো? তোমার সামনে ছুটিমাত্র পছন্দ। আমাকে যদি বিয়ে কর রামুর কাছে ফিরে যেতে পাবে না। এ গেল একটা।

বৈজু। আর একটা ?

হেনা। আর একটা হচ্ছে আমাকে বিয়ে না করা। যা হবার তা তো হয়ে গেছে। দ্বিতীয় বাব হবে না। সন্থান যে আসবেই এমন কোনো নিশ্চয়তা নেই, এলেও তোমার কোনো বাধ্যবাধকতা নেই। আমি হাসপাতালের কাজ নিয়ে পাকিস্তানে চলে যাব, বিধবা বলে পরিচয় দেব। কেই বা আমার বিয়ের সার্টিফিকেট দেখতে চাইবে ? হিন্দুর বিয়েতে সার্টিফিকেট কোথায় ?

বৈজু কী ভীষণ দোটানায় ফেলেছ তুমি আমায়!

হেনা। তুমিও আমায়। তোমার যা শরীর তার জন্মে নিত্য হেফাজত চাই। রাহু এর কী জানে! সে তো পাশ-করা নাস নয়। তাই কথায় কথায় আমাকে ডেকে পাঠায়। আমি পয়সা নিইনে। কী করে নিই! সে আমার ছেলেবেলার বন্ধু। তার আপদে বিপদে আমি না দেখলে কে দেখবে! বেচারি সরল মানুষ। বোঝে না যে আরো একটা কারণ আছে। আমি আসি নিজের প্রিয়জনকে সারিয়ে হলতে। বাঁচাতে। কোনো দিন কি স্বপ্নেও ভেবেছি এই আমার স্বামী হবে এক দিন! এখন মনে হবে স্বার্থের জন্যে করেছি।

বৈজু। হাঁ, তুমিও আমাকে ঋণের শিকলে বেঁধেছ। রাষ্ট্র আমার সেবা করেছে, তুমি করেছ শুক্রাষা। আরো কত বার তোমার শুক্রাষার দরকার হবে কে জানে! যা শরীর আমার! একটা না একটা লেগেই আছে! ভাগ্যিস্ কিছু জমাতে পেরেছি। নেহাৎ যদি অকর্মণ্য হই তা হলে ইনভ্যালিড পেনসন তো পাবই। এবার শুধু যে হাওয়া বদলের জন্মে এখানে এসেছি তা নয়। শুনেছি আজকাল এখানে জলের দরে বাড়ী বিক্রী হচ্ছে। একখানা কিনে ফেলি। কী বলো!

হেনা। সে তুমি জানো আর তোমার রাকু জানে। আমার কপালে পাকিস্তান নাচছে। রণদা সাহার হাসপাতাল।

বৈজু। আচ্ছা, এবার তা হলে তোমাকে একটা গোপন কথা বলি।

হেনা। কী কথা ?

বৈজু। ভালোবাসাটা একতরফা ছিল না।

হেনা। মানে রাত্মর সঙ্গে তোমার ভালোবাসা ?

বৈজু। নাগোনা। হেনার সঙ্গে আমার ভালোবাসা।

হেনা। এটা বানানো। তিন দিন আগেও আমি এর আঁচ পাইনি।

বৈজু। পাবে কী করে ? রাহু ছিল সব সময় সামনে বা কাছে।

হেনা। ওমা!

বৈজু। ও যে কী মনে করে তোমাকে আমার সঙ্গে গ্যাংটক যেতে দিল ওই জানে। বোধ হয় য়্যাকসিডেন্টের ভয়ে। নিজে গেল না, পাহাড়ী পথে মোটরে ওর গা বমি বমি করে। সেইজন্মেই তো ও পাহাড়ে আসতে চায়নি। কিন্তু সস্তায় বাড়ী কেনার থেয়াল ওকেও পেয়ে বসেছে। এই গ্রাথ না, সকাল থেকে আজ বাড়ী দেখতে বেরিয়েছে। এত হাঁটতেও পারে। এর মধ্যেই ভাব করে ফেলেছে প্রতিবেশিনীদের সঙ্গে। গেল বছর রাস্তাঘাট ভেঙে যাবার পর থেকে তাঁরাও তো নিঃসঙ্গ।

হেনা। না, রাহুর মতো মেয়ে আর হয় না। এমন বধু কোথাও খুঁজে পাবে নাকো তুমি। এখন আমার সমস্যা হচ্ছে কী বলে তোমায় ডাকি। আর তোমাকে বৈজুদা বলা যায় না। দাদার মতো বিশ্বাস রক্ষা করনি। যদি জানতুম এক দিন ঘটনাচক্রে একটা ভুল করে ফেলেছ তা হলে ক্ষমা করতুম হয়তো। কিন্ত তুমি বলছ তুমি আমাকে এত কাল ভালোবেসে এসেছ, শুধু জানাবার সুযোগ পাওনি।

বৈজ্ । কথাটা মিথ্যা নয়।

হেনা। অতি অদ্তুত কথা! একই সঙ্গে ছ'জনকে

হাওয়া বদল ৫৩

ভালোবাসবে। তাও বিবাহিত অবস্থায়! আচ্ছা, এই যে রামু বেড়াতে বেরিযেছে—আচ্ছা, ও যদি কোথাও রাত কাটিয়ে ফেরে তা হলে তুমি কী কর ?

বৈজ্। কে! রাম্ব! সর্বনাশ।

হেনা। সৰ্বনাশ কেন ? তা হলেই যে ওর সন্তানসাধ মিটতে পারে। পাপ নয়। সন্তানলাভের হেতু।

বৈজু। না, না। শুনতে চাইনে। চাইনে। ওঃ আমার হয়তো আবার একটা শক্ত অস্থু বাধবে। রাকু সারা রাত সারা দিন কাছে কাছে থাকবে, চোখে চোখে থাকবে। ওকে আমি বাইরে যেতে দেব না। দেব না।

হেনা। হয়েছে! এই তোমার ভালোবাসা! আমি জানতুম। আমার সঙ্গে তোমার সম্পর্ক শুধু একটু মুখ বদলানোর জন্মে। হাওয়া বদল নয় তো, মুখ বদল।

বৈজু। ছি ছি। আমাকে তুমি এত ছোট ভাবলে! ভাবতে পারলে! সেদিন যা ঘটেছে সে কি শুধু কায়িক ঘটনা! মনের প্রশ, হৃদয়ের চোঁওয়া পাওনি ভাতে! শ্রন্ধার প্রিচয়, সম্ভ্রমের প্রিচয়!

হেনা। পেয়েছি। সেইজন্মেই আমি ছোট হয়ে যাইনি। তোমাকেও ছোট মনে করিনি। ওটা আমাদের বিয়েই বটে। গান্ধর্ব মতে।

বৈজু। আমিও তাই বলি। তুমি আমার বিবাহিতা পত্নী। হেনা। তা হলে রামু তোমার কী ? বৈজ্। সেও তাই।

হেনা। রামু আমার কী ?

বৈজু। রাহু তোমার —

হেনা। বলো, বলো –

বৈজু। রামু তোমার বন্ধু।

হেনা রাহ্ম আমার বন্ধু ছিল। এখন তা নয়। আবার বন্ধু হবে যদি আমাকে আমার স্বামী ছেড়ে দেয়।

বৈজু। তা কি কেউ পারে!

হেনা। তা হলে রাফু থাক তার স্বামী নিয়ে। আমি যাই আমার ভাগ্য নিয়ে।

বৈজু। হেনা, ভুমি আমাকে ভালোবেসে এসেছ দশ বছর। কিন্তু বুঝতে পারলে না এক দিনও। ভূমি ভাবছ আমি একটা উভচর জীব।

হেনা। অবিকল তাই। ৭মি লাখ কথার এক কথা বলেছ। উভচর। তোমার সমাজ আছে। সমাজের জন্যে একটি স্ত্রী চাই। তোমার শরীর আছে, শরীরের জন্যে একটি নাস[´] চাই। ওকে মন্ত্র পড়ে বিয়ে করেছ। আমাকে মন্ত্র দিয়ে মুগ্ধ করেছ।

বৈজু। তোমাকেও আমি মন্ত্র পড়ে বিয়ে করব, হেনা। সমাজের চোথে ড়মিও আমার স্ত্রীর মর্যাদা পাবে। তথন রাকুও বাধ্য হবে তোমাকে আমার সঙ্গে থাকতে দিতে।

হেনা। আমার সঙ্গে তুমি থাকলে রামু থাকবে কার সঙ্গে ; তাকে চোখে চোখে রাখবে কে ? হাওয়া বদল ৫৫

বৈজু। সেটা একটা সমস্যা বটে। আমি দোটানায় পড়েছি। আমাকে সময় দাও ভাবতে।

্রেনা। বেশ তো। নাও যত খুশি সময়। কিন্তু রাঁহুর অসাক্ষাতে আর আমার সঙ্গে মেলামেশা কোরো না। এই লুকোচুরি আমার ছ'চক্ষের বিষ। এতে আমাকে ছোট করে। তোমাকেও।

বৈজ্ব। হেনা -

হেনা। আমার হাত ছেড়ে দাও। আমি যাই। ছিঃ। তোমার লজা করে না! দাও ছেড়ে আমাকে। ছেড়ে দাও, বলচি। তুমি কি ভেবেছ তোমার গায়ে জোর বেশি! ভুলে যাচ্ছ এখনো তুমি কনভ্যালেসেন্ট। সেইজন্যে তোমার সঙ্গে জোরজার করিনে। অত সহজে হার মানি।[কোলের কাছে বসলা]

বৈজু। হার আমার কাছে মানবে কেন ? মানবে প্রেমের কাছে।

[বাসুব প্রবেশ। তেনা তৎক্ষণাৎ সবে গেল]

রামু। ওমা! ও কী! মানিকজোড়! বৈজু। এই যে, রামু, এসো। তোমার কথাই হচ্ছিল। বামু। আমার কথা নয়। প্রেমের কথা, বলো। বৈজু। একই কথা। তুমিই আমার প্রেম।

রাসু। বটে। কয়েক দিন থেকে লক্ষ্য করছি, বুঝে উঠতে পারছিনে কী ব্যাপার। কেন এমন অর্থপূর্ণ ভাবে এরা তাকায়! কী আছে এদের মনে! ষোলো বছরের স্বামী, বিশ বছরের সথী। এরা কি আমাকে ধে[†]াকা দিতে পারে কখনো! খারাপ দিকটা সব প্রথমে মাথায় আসে না। মাথায় ঢোকে সব শেষে। পাঁচ মিনিট আগেও বুঝতে পারিনি।

বৈজু। তা বলে ওই নিয়ে মাথা থারাপ কোরো না, লক্ষ্মীটি। সন্দেহ থেকে এ জগতে বহু অনর্থের সৃষ্টি হয়েছে। তোমার তো কথায় কথায় সন্দেহ।

রাস্থ। সন্দেহ কি সাধে করি! করতে ভালো লাগে আমার! সন্দেহ করি, সন্দেহ করি বলে বার বার থোঁচাতে। তাই ভাবলুম প্রমাণ করে দেখাব যে আমি সন্দেহপরায়ণ নই, আমি বিশ্বাসপরায়ণ। আমি আমার স্বামীকে বিশ্বাস করে পরের হাতে ছেড়ে দিতে পারি। নইলে আমার এমন কী দায় পড়েছিল সারা সকালটা গোরু থোঁজার মতো করে বাড়ীথোঁজার! এখন হলো তো! বিশ্বাসের মর্যাদা রাখলে তো!

বৈজু। আচ্ছা, শালীর সঙ্গে ছটো রসের কথা কেউ বলে না? এটা এমন কী একটা নতুন কথা হলো! তোমার বোনদের নিয়ে কত রঙ্গরস করেছি। ভুলে গেলে?

রানু। হেনা কবে থেকে তোমার শালী হলো ? এইটেই একটা নতুন কথা। ওরে হেনা, তুই কি ওঁর শালী হয়েছিস্ ?

হেনা। না, রামু, আমি ওঁর গান্ধর্ব বিবাহের পত্নী।

রামু। কী! কী! কী বললি! ওঃ! ওঃ! এতক্ষণে মালুম হলো! [গডিয়ে পড়ল।] বৈজু। ধরো, ধরো। মান্ম্র্যটা মারা যাবে। যাও, যাও, জল নিয়ে এসো। [ছেন গেল।]

রাসু। হা ভগবান! [প্রায় মূছ বিধাবাব মতে।] [বাইবে শেকে]

শিশির। ওহে বৈজু। বাড়ী আছ হে! ওহে বৈজু। অত গোলমাল কিসের !

[ব্যাগ হাতে শিশিরের প্রবেশ]

শিশির। কী! হয়েছে কী! ফিটের ব্যারাম তো ওর ছিল না। এখানে এসে হয়েছে বৃঝি! দেখি ওর নাড়ীটা দেখি। না, ও কিছু নয়। রায়ু, এই দ্যাখ, আমি এসেছি। শিশিরদা। আনেক নতুন গান এনেছি তোর জন্যে। পাড়া কাঁপিয়ে গাইব। শেষকালে ল্যাওস্লিপ না হয়!

[হেনা জ্বল নিষে এলো। ক্ষেক্টা ওবৃধ।] রাসু। শিশিরদা, আমি বাঁচব না। শিশির। আমি ভোকে গান দিয়ে বাঁচাব।

রাস্থ। না, না, আমি বাঁচব না। বাঁচব না, শিশিরদা। আমি বেঁচে থাকতে এদের বিয়ে হবে না। এদের বিয়ে দিয়ো, শিশিরদা। গান্ধর্ব বিবাহ তো সমাজে চলে না।

শিশির। ও কী!ও কী বলছিস্, রামু! বৈজু, হেনা, এসব কী শুনছি রে!

বৈজু। আমাকে ক্ষমা করো, রাতু।

হেনা। আমাব কি ক্ষমা আছে! আমাকে বিদায় দে, রানু!

রাঁহু। হেনা, আমি চলে গেলেও সংসার চলবে, কিন্তু দুই চলে গেলে অচল ২বে, ভাই। তুই থাক। আমি যাই।

হেনা। তা কি হয়! তোর সুখের সংসার ধ্বংস করে কার সংসার সচল রাথব আমি! আমি যাই, তৈরি হই। ছটোর সময় শিলিগুড়ির মোটর। | হেনাব প্রস্থান।]

বৈজু। আরে আরে ! ভূমি চললে নাকি ! শোন, শোন। { বৈজুব প্রস্থান।]

শিশির। কী হয়েছে, রাসু ? আমার কাছে শুকোস্নে। ডাক্তারের কাছে রোগ শুকোতে নেই। আমি মনের ডাক্তার। তা তো জানিস্।

রাস্থ। আমি কি সব কথা জানি! হাওয়া বদলের জন্যে যথন পাহাড়ে আসা স্থির হয় উনি বললেন একা আসবেন। আমি বললুম তুমি এখনো কনভ্যালেসেণ্ট। তোমার সঙ্গে একজনের যাওয়া দরকার। আমি যাব। বললেন, আমাকে তোমার এত সন্দেহ কেন? লেপচা স্থলরীরা আমার মনোহরণ করবে বলে। এ রকম কথা এই প্রথম নয়, শুনে শুনে বিরক্তি ধরেছিল। আমার জানাশুনার মধ্যে সব চেয়ে নিরাপদ মেয়ে ছিল হেনা। দেখতে ভালো নয়। সেইজন্যে বিত্রশ বছর বয়সেও বিয়ে হয়নি। অতি সৎস্বভাব। ছেলেবেলা থেকে আমার বন্ধু। নাসের কাজ করে। ওটা অবশ্য শধ।

তেনাকেই বললুম আমাদেব সঙ্গে চেঞ্জে আসতে। তারও চেঞ্জের
দরকার ছিল। এখানে আসার পর কর্তার কী এক থেয়াল
চাপল। বাড়ী কিনবেন। ওঁকে তা বলে বেরোতে দেওয়া যায়
না। আমিই বাড়ী দেখে বেড়াই। উনি থাকেন নাসের জিম্মা। কোনো দিন যদি বাড়ী দেখা বন্ধ রাখি অমনি
শুনিযে দেন, এত সন্দেহ কেন ?

শিশির। ছঁ! তার পর ?

রামু। একটু শক্তি ফিরে পেয়ে বলতে আরম্ভ করলেন সিকিম বেড়িয়ে আসবেন। এক দিনের গাতায়াত। আমার বিমি পায় চড়াই উৎরাই করতে – মোটরে। কী করে সঙ্গে যাই ? কী করেই বা একা যেতে দিই! বলে বসলেন, এত সন্দেহ কেন ? সিকিমী মেয়েরা স্থলরী বলে ? শুনে আমার মাথা বিগড়ে গেল। মহল্ব দেখাবার জন্যে হেনাকে সঙ্গে দিলুম। পথের মধ্যে অস্থ্য করলে নার্স চাই তো। হেনা ওজর আপত্তি করে শেষ পর্যন্ত রাজী হয়ে গেল। এখন বুঝতে পারছি ওটা অভিনয়। উনিও মন্দ অভিনয় করেননি। আহা, তখন যদি টের পেতুম। আমার কৃষ্ঠীতে লিখেছে পশ্চাদ্বুদ্ধি।

শিশির। তার পর ?

রাম্থ। গ্যাংটক থেকে সন্ধ্যাবেলা এদের ফেরার কথা। তার এলো, ধ্বস নেমে রাস্তা বন্ধ। কী তুর্ভাবনায় যে রাতটা কাটল আমাব! কিন্তু সব রকম তুঃসম্ভাবনার কথা ভাবলেও সব চেয়ে খারাপটা আমি ভাবিনি, ভাবতেই পারিনি। পরের দিন ওরা ফিরল ঠিকই। কিন্তু যাবার সময় যে চেহারা নিয়ে গেছল ফেরবার সময় সে চেহারা নিয়ে ফেরেনি। কেমন একটা লাজুক লাজুক ভীতৃ ভীতৃ ভাব। চোরা চাউনি চোখে। উত্তেজিত ভাবে কথা বলে। কথার তোড়ে চাপা দিতে চায় কী এক রহস্য। আমার কল্পনার দৌড বেশি দূর নয়। আমার মথায় ঢোকে না। তোমার আসার একটু আগে হেনা মুথ ফুটে স্বীকার করল ওদের গান্ধর্ব বিবাহ হয়েছে। তা শুনে আমি মনে মনে বললুম, মা ধরণী, তুমি দ্বিধা হও, আমি তোমার কোলে আগ্রয় নিয়ে বাঁচি। কেন আমাকে বাঁচাতে এলে, শিশিরদা! [কালা।]

শিশির। কাঁদিস্নে, বোন। শান্ত হ। আমি যখন একে পড়েছি উপায় একটা হবেই। আর কোনো উপায় খুঁজে না পেলে আমার হোটেলে নিয়ে যাব তোকে। আমার জিনিসপত্তর পড়ে আছে হোটেলে। ভেবেছিলুম স্নান আহার সেরে আসব, সারা দিন থাকব তোদের সঙ্গে, কিন্তু শুনলুম রানার দেরি আছে। চলে এলুম গানের স্বর্রলিপিগুলো দিয়ে যেতে। দশ মিনিটের জন্যে আসা। তা দেখছি আমি দৈবপ্রেরিত। আমাকে একট্ চিন্তা করতে দে। হঁ। হঁ।

রাসু। তুমি যেয়ো না, শিশিরদা। তোমার সব ব্যবস্থা এইখানেই করছি। শিশির। ছ'। ছ'। আচ্ছা, তুই যা। ব্যবস্থা কর। বৈজু, বৈজু কোথায় গেলে হে ?

[রাত্বর প্রস্থান। বৈজুর প্রবেশ]

বৈজু। আমি অনেকক্ষণ ধরে অপেক্ষা করছিলুম, শিশির। আসতে ভরসা পাচ্ছিলুম না।

শিশির। হেনা কোথায় ? চলে গেছে না আছে ?

বৈজু। চলে যাচ্ছিল। অনেক করে বুঝিয়ে বলায় খাওয়া দাওয়া করতে রাজী হয়েছে।

বৈজু। কিছুই স্থির করতে পারছিনে। রাসু যা বলেছে শুনেছ তো সব। দোষটা আমারই। হেনার নয়। আমি ওর অসহায়তার সুযোগ নিয়েছি। এখন আমি যদি ওকে বিয়ে না করি ওর বিয়ে হবে না কোনো দিন, অথচ—কে জানে হয়তো ওর সন্তান হবে। মানে আমারই সন্তান। বলো, শিশির, কী আমার কর্তব্য গ ত্যাগ করা সোজা, পাশে দাঁডানো কঠিন।

শিশির। কিন্তু কেন এমন হলো ? হেনার অসহায়তার স্যোগ নেবার আগে ভেবে দেখলে না কেন ? তুমি তো ছেলেমানুষ নও, তোমার বয়স হলো প্রায় চল্লিশ।

বৈজু। কী করব, বলো। মানুষ কি সব সময় সব দিক ভেবে কাল করে? তোমাকে বলিনি, আমি নিজে জানতুম না, হেনা আমাকে দশ বছর ধরে ভালোবেসে এসেছে, আমাকে ভালোবাসে বলে অপরকে বিয়ে করেনি। আমিও কয়েক বছর হলো তার অনুরাগী। সে তার আত্মীয়ের মতো শুঞাষা করে এসেছে আমার। আমিও তার শুক্রাষা নিয়ে এসেছি আত্মীয়ার মতো। এই যাদের ভিতরকার সম্পর্ক তাদের পাহারা দিয়ে দিয়ে তৃমি কতকাল আগলাবে! তৃমি তো জানো, ওর দাদা ডাজ্তার, ওদের অবস্থা ভালো। বিয়ে করতে রাজী হলে কবে বিয়ে হয়ে যেত, আমার চেয়ে কত যোগ্য পাত্র জুটত! ও যদি আমার জন্মে দশ বছর ধরে তপস্থা করে থাকে ওর তপস্থার কি কোনো ফল নেই ? আর আমি! স্থামার কি সব সাধ মিটিছে? রাহু কি আমার পিতৃত্বের সাধ মিটিয়েছে?

শিশির। তুঁ। তা তুমি যথন সমস্ত জেনেশুনে এ কাজটি করেছ তখন তুমিই প্রস্তাব করো তুমি কী করতে চাও, আমি রাগুকে বলে দেখি। হেনাকেও। আমার নিজের যদি কোনো প্রস্তাব থাকে সেটা পরের কথা। সেটা সব শেষে।

বৈজু। হেনাকে আমি বিয়ে করতে চাই, শিশির।

শিশির। হেনা রাজী হবে তো १

বৈজু। হেনা রাজী হবে যদি আমি নাতুর কাছে ফিরে না যাই।

শিশির। তাতে রাহু কেন রাজী হবে ?

বৈজু। রাজী না হলে আমাকে ডাইভোর্স করতে পারে। আমি বাধা দেব না।

শিশিব। কিন্তু হিন্দুবিবাহে তার ব্যবস্থা থাকলে তো ?

বৈজু। জানি। তার জন্যে কি আমি দায়ী? না হেনা দায়ী? হিন্দু আইন তো আমাদের বিবাহের অন্তরায় নয়। অন্তরায় একালের শিক্ষিত লোকের ন্যায়বোধ। তারা কেন বুঝেও বুঝছে না যে রাহুর প্রতি যদি অবিচার হয়ে থাকে তবে তার প্রতিকার হেনার প্রতি অবিচার নয়। বরং রাহুকে বিবাহবিচ্ছেদের অধিকারদান।

শিশির। হিন্দ্বিবাহ সেকালে রাহুকেও একটা অধিকার দিয়েছিল, বৈজু। একালে সেটা কেড়ে নেওয়া হয়নি, তবে অপ্রচলিত রয়েছে। কে জানে হয়তো রাহুই আবার সেটা চালু করে দেবে।

বৈজ। কী! কী অধিকার!

শিশির। রাতুর বিয়ের পর যোলো বছর কেটে গেল, এখনো সন্তান হলো না। কুন্তী বা মাদ্রা হলে কি এত দিন ধৈর্ঘ ধরতেন! এত দিনে স্বামীর অনুমতি নিয়ে অপর কোনো পুরুষের সঙ্গে নিয়োগ স্থাত্র মিলিত হতেন। তা তোমারও তো অনুমতি আছে বলে ধরে নিতে পারি। কী বলো, বৈজ।

বৈজু। না না—না—না, আমার অভমতি আছে কবে বললুম, শিশির ? কে বলেছে তোমায় ? রাতু ?

শিশির। না, রাফু কেন বলবে ? আমিই বলছি। বিবাহবিচ্ছেদ যাঁবা অনুমোদন কবেননি সেই ত্রিকালদশী ঋষির। অনুরূপ অবস্থায় যে বিধান দিয়ে গেছেন সেটি হিন্দুসমাজে আবার চালু করতে হবে, নইলে রানুর মতো সতী স্ত্রীরাই অবিচারে ভুগবে। তাদের মাতৃত্বের সাধ মেটাবে কে ? বৈজু। আচ্ছা, আমি রাহুকেও মাঝে মাঝে সঙ্গ দেব। ভাতে যদি ভার মা হবার সাধ মেটে।

শিশির। এখন এই চমৎকার প্রস্তাবটা একবার ওঘরে গিয়ে রাত্মকে শুনিয়ে দাও। আমি ততক্ষণ হেনার সঙ্গে কথা বলি।

বৈজ্। বেশ। [প্রস্থান]

শিশির। হেনা কোথায় গেলি রে ? কেউ কি আমাকে চা এক পেয়ালা দেবে না ? গলা শুকিয়ে কাঠ হয়ে গেল যে।

[হেনাব প্রবেশ।]

হেনা। শিশিরদা, ডাকছিলে ?

শিশির। হাঁ, ডাকছিলুম। আয়া চা কি কফি কিছু একটা দিতে হয় অতিথিকে। ভুলে গেগি ?

হেনা। আমি তো এ বাড়ীর কেউ নই। আমি কে যে আমাকে বলছ।

শিশির। ওটা অভিমানের কথা হলো।

হেনা। কেন অভিমান করব না ? আমার কি কোনো দাবী নেই ? আমি কি কেউ নই ?

শিশির। তুই কে?

হেনা। কেন ? তাকি তুমি জান না ? আমি শকুন্তলা। শিশির। শকুন্তলারই মতো দশা হবে তোর।

হেনা। আমি তার জন্যে প্রস্তুত, শিশিরদা। আমি পাকিস্তানে গিয়ে হাসপাতালের কাজ নেব। শিশির। তোর যথেষ্ঠ বয়স হয়েছে। কিন্তু কথা বলছিস্
অর্বাচীনের মতো। আর একটি নারীর অভিশাপ কুড়িয়ে কী
করে মঙ্গল হবে তোর! যাবার আগে ওর আশীর্বাদ নিয়ে যা।
ও তোর বাল্যস্থী। তোকে সব চেয়ে বিশ্বাস করত, এই
একট আগেও।

হেনা। [কেঁদে] ওর কাছে মুখ দেখাতে পারব না, শিশিরদা। ও কি কোনো দিন আমাকে ক্ষমা করবে! পারে কৈউ! আমি হলে পারভূম! ভবিষ্যতেও কি পারব এই লোকটি যদি আমাকে বিয়ে করে আবার ওর কাছে যায়!

শিশির। আচ্ছা, তেনা, ভুইই বল এখন রাহুর কী কর্তব্য।
হেনা। আমি কী করে বলবং মাথার ঘায়ে কুকুর
পাগল। নিজেকে নিয়ে আমি বিব্রত। না খেয়েই আমি চলে
যাচ্ছিলুম। উনি আটকালেন। খাওয়া দাওয়ার পর বেরিয়ে
পড়ব। ট্যাক্সিতে।

শিশির। অমন করে এড়িয়ে গেলে চলবে না। রাম্ব তোর বাল্যসখী। ওর কাছে সমস্ত খুলে বল।

হেন। এ কি কাউকে বলতে পারে কেউ! আমার কি লজ্জা নেই! না তোমার বিশ্বাদ তাও আমার গেছে! আমাকে তুমি কী মনে করেছ, শিশিরদা । আমি ঘৃণ্য! আমি পাপী! না ?

শিশির। না, তেমন কিছু মনে করিনি। তোর কী দোষ! বৈজু দায়ী। হেনা। তুমি ওঁর ওপর অবিচার কবছ উনি পুরুষ বলে।
শিশির। তা হলে সুবিচারটা কী? কেউ দায়ী নয়?
প্রেকৃতির পরিহাস ?

হেনা। নিয়তির। নইলে গ্যাংটক যাওয়া হবে কেন ? পাহাড় ধ্বসবে কেন ? ডাকবাংলায় একথানিমাত্র ঘর জুটবে কেন ? কম্বলের অভাবে হাত পা জমে আসবে কেন ? উত্তাপের জন্যে পাশাপাশি শুতে হবে কেন ? । কেঁদে ফেলল ।।

শিশির। বুঝেছি। এখন কিসে মঙ্গল হবে সেইটেই ভাবতে হবে। কিসে সকলের মঙ্গল।

হেনা। আমার দাবী আমি ছেড়ে দিচ্ছি। কিন্তু কে জানে যদি কিছু হয় তা হলে তার দাবী সে কেন ছাড়বে গ সে কি জানতে চাইবে না তার বাপ কে ?

শিশির। হুঁ। ঘোবালো ব্যাপার। কেবল তিনজনেব নয়, আরো একজনের মঙ্গল কিসে হবে।

হেনা। আমি তা হলে আসি, শিশিরদা। যাবাব আগে দেখা করে যাব। [প্রস্থান]

শিশির। আমিও একবার ঘুরে আসি হোটেলে খবর দিয়ে। শুনছ হে, বৈজু ?

[বৈজুব প্রবেশ]

বৈজু। যাচ্ছ ? খাবে না এখানে ? শিশির। না, খাবার সময় তোমাদের ছজনের নিরিবিলি থাকা দরকার। তোমার আর রাতুর। হেনার খাবার অন্য ঘরে—তার নিজের ঘরে—দিতে বলো। আমি ফিরে এসে আমার মীমাংসা জানাব। [প্রস্থান।]

দ্বিতীয় দৃশ্য

[সেই দিন। বেলা দেডটা। শোবাব ঘবে বাহু শুযে আছে। বৈজু ভাব পায়ের কাছে বদেছে।]

বৈজু। আমাকে বিশ্বাস করো। আমি অকৃতজ্ঞ নই। আমি ইচ্ছা করে তোমাকে ঠকাইনি। সব কথা শুনলে—

রামু। শুনতে চাইনে। চাইনে শুনতে। ইল্লং ঘাঁটতে। বৈজু। কে জানে এই হয়তো আমাদের শেষ দেখা।

রামু। কেন ? শেষ দেখা কেন ?

বৈজ্। হেনা চলে যাচ্ছে। আমিও চলে যাচ্ছি তার সঙ্গে।

রামু। আমাকে ছেড়ে চলে যাবে তুমি! আমি কী অপরাধ করেছি যে আমাকে ছেড়ে তুমি চলে যাবে। [কালা।]

বৈজু! কোনো অপবাধ করনি তুমি। কিন্তু একজন কলক্ষের ডালি মাথায় নিয়ে রাস্তায় দাঁড়াবে, আরেকজন যে তাকে কলঙ্কিত করেছে সে সাধু সেজে সমাজের সম্মানভাগী হবে, এটা কি ন্যায় না ধর্ম! এর পরে কি আমার শরীর সারবে ভেবেছ? শুক্রা করবে কে? হেনা থাকলে তো?

রাসু। তোমার মনের ইচ্ছা যদি তাই হয় তবে তাই

হোক। হেনাও থাক্ক, তৃমিও থাক। শুধু আমাকে অনুমতি দাও, আমি যাই।

বৈজু। তুমি যাবে কোথায়?

রাস্থ। যেদিকে ত্'চোখ যায়। মনে কোরো না যে আমি পাশটাশ করিনি বলে একান্ত অসহায়। গান তো শিখেছি। শেখাতে পারব না গ

বৈজু। পাগল যাকে বলে। গান শিথিয়ে ক'টাই বা টাকা মিলবে! তাতে তোমায় কুলোবে !

রামু। বলা যায় না। তোমার যেমন নাস দেখলে অসুখ করে আর কারুর তেমনি গায়িকা দেখলে গান শেখার বাতিক জন্মায় হয়তো।

বৈজু। য়াঁ! আছে নাকি তেমন লোক তোমার সন্ধানে! রাসু, সত্যি বলো। কে সে ?

রামু। কী করে জানব! নিজেই জানিনে। বিজ্ঞাপন দিয়ে দেখব।

বৈজু। ওঃ! তামাশা করছিলে? না, না, তোমার গান শিখিয়ে কাজ নেই।

রামু। আগে তো যাই, তার পরে ভেবে দেখব তোমার হিতোপদেশ।

বৈজু। না, রামু। যেয়োনা। তোমার জন্যে আমার অন্য প্ল্যান আছে। দার্জিলিঙে তোমার জন্যে বাড়ী কিনে দেব। মাসে মাসে মাসোহার। পাঠাব। বাগান করবে। দার্জিলিং তো ফুলের রাজ্য। আনন্দে থাকবে।

রামু। অর্থাৎ তোমার বাগানবাড়ীতে রক্ষিতার মতো বাস করব।

বৈজু। ছিঃ। অমন কথা বলতে নেই। ভূমি আমার সহধমিণী।

রামু। তা হলে হেনা তোমার কে ?

বৈজু। হেনা ? কী করে বোঝাব ? এটা এমন একটা ছবার আকর্ষণ ! একটা বিপরীত আকর্ষণ !

রাম্ব। হঠাৎ এ বয়সে বিপরীত আকর্ষণ কেন ? আমি তোমার সন্থানকামনা মেটাতে পারিনি। কী করে এতটা নিশ্চিত হলে যে হেনা পারবে ?

বৈজ্য যুঁগা! তাই তো। তাই তো।

রাম। ধরো, ষোলো বছর পরে যদি দেখ দেও আমারই মতো অক্ষম তখন কী করবে। আর একটি বিয়ে। আর একটা বাগানবাডী ?

বৈজু। না, তা কি হয়! তা কি আমি পারি!

রান্থ। আচ্ছা, এমনও তো হতে পারে যে অক্ষমতাটা আমার নয়, তোমার নিজের ? এই ষোলো বছর তুমিই আমাকে সন্তানস্থুখ থেকে বঞ্চিত করে রেখেছ!

বৈজু। য়াঁঁা! বল কী! বল কী! আমি! আমি অক্ষম! রামু। কে জানে তুমি কি আমি! কিংবা কেউ নয়। যোগ্যের সঙ্গে যোগ্যের যোজনা হয়নি। হলে তোমারও মনস্কামনা পূরত। আমারও।

বৈজু। রাহু, আমার মাথা ঘুরছে। থাক, যথেষ্ট হয়েছে। আমি মানছি তোমার কথাই ষত্য।

রামু। তা হলে যেতে দাও আমাকে। আমি জানি হেনা তোমাকে হতাশ করবে এক দিন। সে দিন তুমি আবার আমার কাছে আসতে চাইবে। সেইজন্মে আমাকে হাতে রাখতে চাও। কিন্তু তোমার ওপ্ল্যান আমি উলটে দেব। তুমি আমাকে সন্তানসুখ থেকে বঞ্চিত করে রেখেছিলে, এখন স্বামীসুখ থেকেও বঞ্চিত করলে। এর পরে তোমার সঙ্গে আমার কী সম্পর্ক! কেন মাসোহারা নেব!

বৈজু। রাস্থ্র, রাস্থ্র, লক্ষিটি। ভুল বুঝো না আমাকে। আমি নেহাৎ হতভাগা। কুপার পাত্র। কিন্তু আমি ইমানদার। হেনার যে ক্ষতি করেছি তার পূরণ করতে হবে আমাকে।

রা**মু**। আর আমার যে ক্ষতি করেছ তার পূরণ করতে হবে না ?

বৈজু। কিন্তু রামু, ইচ্ছা করে কি আমি অবিশ্বাসী হয়েছি? আমাকে বলতে দাও সব কথা।

রামু। আমি জানি তুমি কী বলবে। পাহাড়ের ধ্বস নেমে রাস্তা বন্ধ। মোটর ফিরে গেল গ্যাংটক। ডাকবাংলায় একখানিমাত্র খর খালি ছিল! সঙ্গেক কম্বল ছিল না। শীতে হাত পা হিম হয়ে যাচ্ছিল। উত্তাপের জন্যে-—যাক। ওসব কথা মুখে আনতে ঘেলা করে। মনে আনতেও।

বৈজু। কী করে জানলে বলো তো ? তুমি কি সর্বজ্ঞ? রাফু, আমাকে ক্ষমা করো।

রামু। ক্ষমা করতে পারি, কিন্তু ভুলতে পারব না। তুমি হলে আমাকে ক্ষমাও করতে না। সরাসরি ত্যাগ করতে।

বৈজু। তানা—না—না। তবে কিনা—

রানু। থাক, আর ভণ্ডামি করতে হবে না। আমি ক্ষমা করলুম। এর পরে তুমি মনস্থির করো থাকবে না যাবে।

বৈজ। থাকতে পারি যদি হেনাও থাকে।

রান্থ। বেশ তো, হেনাও থাকুক না। কিন্তু দিতীয় বার এমন ঘটনা ঘটবে না এ কথা শপথ করে বলতে পারো ?

বৈজু। হেনা যদি শপথ করে আমিও করব।

রাজু। তা হলে ডাক হেনাকে। ওর খাওয়া শেষ হয়ে গেছে মনে হচ্ছে।

[বৈজুব প্রস্থান। হেনার প্রবেশ।]

হেনা। আমাকে ডেকেছিস ?

রাহু। বোস। কথা আছে।

হেনা। কী কথা, রাহু?

রামু। তোর সঙ্গে আমার সম্পর্ক বারো বছর বয়স থেকে। তোর মতো বন্ধু আমার কেউ নেই। মানে তিন দিন আগেও ছিল না। বিপদে আপদে কত বার তোর সাহায্য চেয়েছি, চাইতে না চাইতে পেয়েছি। যখনি ডেকেছি পাশে এসে দাঁডিয়েছিস্। ফী নিস্নি। তোর কাছে আমার ঋণ জমতে জমতে পাহাড হযেছে। সেই পাহাড় কি শেষে ধ্বস হয়ে নামল আমার কপালে। ঋণের দায়ে আমার স্বামী-সুদ্ধ বিকিয়ে গেল! [কালা।]

হেনা। আমাকে বিশ্বাস কর, রাহু। সাহায্য যাকে বলছিস্ সে আমি নিঃস্বার্থ ভাবে কবেছি। নিজাম ভাবে কোনো দিন তার বদলে কিছু চাইনি, নিইনি। কাবুলীর মতো এক দিন সমূলে আদায় করব এমন কোনো অভিসন্ধি আমার ছিল না, এখনো নেই। আমি আমাব ভাগ্য নিয়ে আজ একটু পরে চলে যাচছি। আব কাউকে সঙ্গে নিতে চাইনে। তোর স্বামী তোর কাছেই থাক।

রান্থ। অনেক অনেক ধন্যবাদ। কিন্তু তই যাবি কেন ? আমিই যাচ্ছি। আমি একা।

হেনা। কী মুশকিল। তুই যাবি কোন অপবাধে! অপবাধ যার সেই যাবে। তার দ্বীপান্তর।

রামু। হেনা, তোর সঙ্গে ঝগড়া করা আমার সাজে না। আমি সভিয় ঋণী।

হেনা। বন্ধু কি বন্ধুর কাছে ঋণী হয় কখনো ? তুই যে ও কথা বলতে পারলি এর থেকে বোঝা যাচ্ছে তুই আর আমাকে বন্ধু ভাবিস্নে। আমি তোর শক্র। নারে ? রাহু। তুই যদি আমার অবস্থায় পড়তিস্ আর আমি পড়তুম তোর অবস্থায় তা হলে কী ভাবতিস্ ?

হেনা। বুঝি তোর কপ্ট। কিন্তু বিশ্বাস কর, যা ঘঁটেছে তা আমার ইচ্ছায় ঘটেনি। কার ইচ্ছায় ঘটেছে তাও ঠিক জানিনে। কেমন করে যে কী হয়ে গেল! দেখতে দেখতে গাড়ীচাপা পড়ার মতো। রামু, এটাও একটা য়্যাকসিডেণ্ট। তবে এর সাজা আছে। আমি সাজার জন্যে তৈরি।

রাসু। আচ্ছা, হেনা, আমি ভোকে ক্ষমা করছি। কিন্তু তুই আমাকে কথা দে আর অমন কোনো য়্যাকসিডেণ্ট ঘটবে না। তা হলে তুই যেমন ছিলি তেমনি থাকতে পারবি। যেতে হবে না ভোকে বা ভাকে বা আমাকে। বিশ্বাস ফিরে আসবে আবার। বন্ধুভাও।

হেনা! রাহু, আমার সাধ্য থাকলে আমি কথা দিতুম,
নিশ্চয় দিতুম। কিন্তু যে নারী প্রেমে পড়েছে তার সাধ্যেরও
তো একটা সীমা আছে। দশ বছর কি বড় কম সময়! যৌবনের
সবটাই তো গেল প্রতীক্ষায়। আর ক'টা দিন বাকী আছে,
বল! জানি তোর উপর অন্যায় করা হচ্ছে। কিন্তু সে কি
আমার দোষ, না প্রেমের দোষ! প্রেম যে অন্ধ!

রাতু। সত্যি ভালোবাসিস্ ?

হেনা। ভালোবাসিনে? কিসের আকর্ষণে আসি তোর বাড়ীতে? কেন শুঞাষা করি বিনি পয়সায়? বন্ধুছের খাতিরে? বন্ধুত্ব কি একতরফা হয়? তুই ক'বার গেছিস আমার বাড়ী ? ক'বার হাত বুলিয়ে দিয়েছিস আমার গায়ে, আমার মায়ের পায়ে ?

রামু। ভালোবাসতিস ? সত্যি ?

হেনা। ভালোবাসা কথায় বোঝানো যায় না। বোঝাতে হয় কাজে।

বাহু। ভালোবাসতিসং সত্যিং এ যে বিশ্বাস হয় না, হেনা।

হেনা। বিশ্বাস কৰা না করা তোর মর্জি। বিয়ে করলে লোকে অধিকারসচেতন হয়। কেবলি ভাবে আমিই অধিকারী। আমি ভালোবাসছি কি না তাতে কিছু আসে যায় না। আর কেউ ভালোবাসলেই সেটা হয় অন্ধিকারচর্চা। তাই অবিশ্বাস্থা।

রান্থ। অধিকারসচেতন হয় সেটা ঠিক। কিন্তু কর্তব্যসচেতনও তো হয়। আমি কি কোনো দিন কর্তব্যে হেলা করেছি । ভালোবাসার কমতি করেছি কোনো দিন ?

হেনা। না, সে কথা আমি বলব না। আমি বলব তোর সঙ্গে ওর বিয়ে হয়েছে এটা তোকে একটা অধিকার দিয়েছে, আমাকে দেয়নি। বিয়ে না হয়ে থাকলে তুই হয়তো ওকে ভালোই বাসতিস্নে। আমি কিন্তু ওকে সমানে ভালোবাসতুম। অধিকার অনধিকারের প্রশ্ন বাদ দিয়ে ভাবতে পারবি ? পারলে দেখবি তোর ভালোবাসা নিথাদ নয়। আমার ভালোবাসা নিথাদ। রাত্ন। আমি বিশ্বাসই করব না যে তুই ভালোবাসতিস্।

হেনা। কী করে করবি! তা হলে তোর দাবী ছর্বল হয়ে যায় যে। তুই ওর স্বত্বাধিকারী। তোর সর্বস্বত্বসংরক্ষিত। তোর ধারণা আমি যা নিয়েছি চুরি করে নিয়েছি বা ক্রোক করে নিয়েছি। ভালোবাসা দিয়ে নিইনি।

রাসু। এ বিশ্বাস শুধু আমার নয়। প্রত্যেক স্ত্রীর। তোরও, যদি বিয়ে হয়ে থাকত তোর।

হেনা। বিয়ের সম্বন্ধ অনেক বার এসেছে। বিয়ে করব নাবলে ঘুরিয়ে দিয়েছি। এখনো কি করতে চাই ? যদি করি সন্তানের মুখ চেয়ে করব। যদি সন্তানের আগমনী শুনি।

রাত্ব। তার জন্যে দ্বিতীয় বার য়্যাকসিডেন্ট হবে না তো ? কথা দে।

হেনা। না, আর য়্যাকসিডেণ্ট নয়। কিন্তু বিয়ে যদি এক বার হয় তার পরে আমার অধিকার আমিও বুঝে নিতে জানি। যেমন করে পারিস্ বিয়ে বন্ধ কর।

রামু। এটা তোর মনের কথা তো ?

হেনা। হাঁ, রাতু। আমার মনের কথা। ভুই ওকে পাগলা গারদে পাঠাতে পারিস্, জেলখানায় পুরতে পারিস্, ঘরে রেখে নজরবন্দী করতে পারিস্, যেটা তোর খুশি। কিস্ত এক বার যদি ও ছাড়া পেয়ে আমাকে তাড়া করে তা হলে বিয়ে ঠেকানো আমার সাধ্য নয়, তোরও না।

রামু। বিয়ের পরে কী হবে তার জন্যে আমি ভাবিনে,

কারণ তখন হয়তো আমি থাকব না। কিন্তু বিয়ের আগে দ্বিতীয়বার না হয়। কথা দে। দিলি ?

^{*}হেনা। দিয়েছি তো।

রামু। ধন্যবাদ। অনেক ধন্যবাদ। তা হলে তুই আরো কয়েক দিন থাকতে পারিসু।

হেনা। ধন্যবাদ। অনেক ধন্যবাদ। আমি আর এক ঘণ্টাও থাকব না।

রান্থ। তবে তুই চললি ? সত্যি চললি ?

হেনা। ঘাম দিয়ে জর ছাড়ল তো ?

ताञ् । कौ य विनम् !

হেনা। আচ্ছা, এখন আমি যাই। গোছানো বাকী।

[হেনার প্রস্থান। বৈজুব প্রবেশ।]

বৈজু। তার পর ?

রামু। হেনা শপথ করেছে। এবার তুমি করো।

বৈজু। হেনা শপধ করেছে ? যুঁগা!

রাসু। বিশ্বাস হচ্ছে না ্ তবে হেনাকে ডাকব ্

বৈজু। না, না, ডাকতে হবে না। তোমার কথাই মেনে নিচ্ছি।

রামু। তা হলে শপথ করবে ?

বৈজু । একজন করলেই আরেক জনের করা হয়ে গেল। এক হাতে তালি বাজে না।

রামু। না, তোমাকে ঠিক ওরই মতো শপথ করতে হবে।

হাওয়া বদল ৭৭

বৈজু। এটাও এক রকম বিয়ের মন্ত্র নাকি। তুমি আমাদের পুরুত ঠাকুর ?

রামু। তা হলে শপথ দুমি করবে না ?

বৈজু। করব না কখন বললুম ? করছি, কিন্তু তার আগে তোমাকে বলি। আমি আবার অসুখে পড়ব। সে অসুখ এমন অসুখ যে নার্স নার্স ভারে না। আর সে নার্স এমন নার্স থে প্রাণহীন প্রেমহীন কর্তব্য করে যাবে না। ভালোবাসবে। ভালোবাসা জাগাবে।

রানু। ওঃ! তাই নাকি! তা হলে অসুথেই তোমার সুখ। বৈজু। হাঁ, রানু। অসুথেই আমার সুখ। যদি না সুথের অন্য উপায় থাকে।

রাসু। অন্য উপায় আছে।

বৈজু। কী উপায়!

রাসু। হেনাও থাকবে, তুমিও থাকবে। থাকব না শুধু আমি। তোমাকে এক ঘণ্টা সময় দিলুম।

বৈজু। সর্বনাশ! তুমি যাবে কোথায়!

রান্থ। যেদিকে ছ'চোথ যায়। ধরো, শিশিবদার হোটেলে।

रिवजू। म-क्व ना-भ ! भश्रतत लाक वलरव की !

রামু। বললে আমাকেই বলবে, তোমাকে তো বলবে না ?

বৈজু। তোমার অপয়শ আমার গায়ে লাগবে না ? আমার মাথা কাটা যাবে না ? রাত্ন। আমি আত্মহত্যা করলে কি তোমার সুয়শ হবে ?

বৈজু। আত্মহত্যা!

রান্থ। ওটা সর্বনাশ নয়! ওতেই তোমার স্থবিধে! না ?

বৈজু। ছিঃ। যাতাবলতে নেই। রাহু, তুমি দেবী। তোমাকে আমি মনে মনে পূজা করি।

রাস্থ। আচ্ছা, তুমি দেবীর কাছে কী প্রত্যাশা করো ?
কোনো দেবী যদি তোমার ঘরণী হতেন—লক্ষী সরস্বতী ছুর্গ।
কালী—-তা হলে কি তিনি এই ঘটনার পর এক দণ্ড তিষ্ঠোতেন ?
আমি তাতেও রাজী। এমন কি আমি হেনাকেও ঠাই দিতে
রাজী। কেবল তুমি একবার আমার গা ছুঁরে শপথ করো যে
দিতীয় বার অমন ঘটনা ঘটবে না।

বৈজু। কিন্তু যা ঘটে গেছে তার ফলে যদি হেনা বিপন্ন হয় — রান্তু। তা হলে তার সন্তানের স্বীকৃতির জন্যে তাকে বিয়ে করতে পারো, কিন্তু আত্মস্থের জন্যে তার অঙ্গম্পর্শ করবে না। তার স্থথের জন্যে তো নয়ই।

বৈজু। বাড়ীর বাইরে গিয়েও না ?

রান্থ। বাড়ীর বাইরে গিয়েও না। তুমি হলে বাড়ীর মাথা। তুমি বাড়ী না থাকলে বাড়ীই থাকে না। আমি কোথায় থাকি তা হলে ?

বৈজু। বাড়ী থাকবে না কেন ! বাড়ী তো প্রত্যক্ষ সত্য।

রামু। না। বাড়ী হচ্ছে একটা আইডিয়া। একটা

স্প্তি। ইংরেজরা যাকে বলে হোম। কথায় কথায় তাদের হোম ভেঙে যায়। তার মানে কি ইট-কাঠের বাড়ী ভেঙে যায় ? ভেঙে যায় স্বপ্ন। ভেঙে যায় স্প্তি। তুমি যদি বাড়ীর বাইরে গিয়ে যা খুশি কর তোমার আমার স্বপ্ন ভেঙে গেল, জেনো। তুমি তোমার নতুন স্বপ্ন নিয়ে থাকবে। আমি থাকব কোন স্বপ্ন নিয়ে ?

বৈজু। আমি একদিন ফিরে আসতে তো পাবি। রাসু। তা হলে হেনাকেও হারাবে। আমাকে তো হারালেই।

বৈজু। এ কী সম্কট! কী সম্কট! নদীর এক কূল গড়লে আরেক কূল ভাঙবে। তু'কূল একসঙ্গে গড়বে না।

রামু। না।

বৈজু। ভাঙা কুল তো আবার গড়ে শুনি।

রামু। ভুল শুনেছ। যা গড়ে তা অন্য জিনিস। ভাঙা স্থানয় কিছুতেই জোড়া লাগে না।

বৈজু। তুমি দেবী, তুমি দয়া করলে তাও সন্তব। আমার সমস্ত সম্পত্তি তোমার নামে লিখে দিচ্চি। ভবিশ্যতের অর্জনের অর্ধেক তুমি পাবে। তুমি দেবীর মতো মন্দিরে বিরাজ করবে।

রান্থ। আর তুমি পূজারীর মতো মাঝে মাঝে এসে ফুল নৈবেন্ত দিয়ে যাবে। তার পর ছুটবে আরেক দেবীর অর্চনা করতে। বোধ হয় একই মন্দিরের অপর প্রকোষ্ঠে। বৈজু। রাহু, তুমি বড় অযৌক্তিক। নিজের দিকটাই দেখবে। আর কানো দিকে দৃষ্টি নেই।

রাছু। বেশ, তাই। কিন্তু অমন করে পাশ কাটিয়ে গেলো চলবে না। শপথ করো।

বৈজু। ঐ যে বললুম। একজন শপথ করলে আরেক জনের শপথ করা হয়ে যায়।

রান্থ। তা হলে আমার স্থিতি এক ঘণ্টা। দেবীদের তো বিসর্জনও হয়।

বৈজু। তুমি চললে? সত্যি চললে?

রাকু। ঘাম দিয়ে জ্বর ছাড়ল। না ?

বৈজু। কী যে বল! আমি ভেবে মরছি কী করে ত্'কূল রাখব। আর তুমি ভাবছ আমি আহলাদে আটখানা। তা কোথায় উঠবে ? হোটেলে ? বিলটা আমার নামে আসবে তো।

রাসু। না, তোমার নামে কেন ? তোমার সঙ্গে আমার কী সম্পর্ক! সমাজের চোথে তুমি আমার স্বামী, আমি তোমার স্ত্রী। কিন্ত হৃদয় কি সমাজের বাধ্য ?

বৈজু। ধর্মণ হিন্দুর মেয়ে তুমি। ধর্মের অনুশাসন মানবে নাণ্

রান্থ। যারা অধর্ম করেছে, করছে, করবে রলে বদ্ধপরিকর তারা যদি ধর্মের কাহিনী শোনাতে আসে আমি কিছুতেই শুনব না, শুনব না, শুনব না। আমার ধর্মই আমাকে বলছে তাদের সংস্রব ছাড়তে। হাওয়া বদল ৮১

বৈজু। আইন ? আইনের ভয় নেই তোমার ? আমি যদি আদালতে যাই, সহবাস দাবী করি ?

রাত্ন। কাপুরুষের শেষ অস্ত্র। যাই, তৈরি হইগে।

প্রস্থান]

তৃতীয় দৃশ্য

[সেই দিন। এক ঘ**ক**। পরে। বসবার ঘর । ৺ বৈজু, রা**হু**, হেনা ও শিশির বসে আছে। ব

বৈজু। যা ছিল সিয়েরিয়াস তাই ক্রমণ কমিক হয়ে উঠেছে, শিশির। প্রথমে হেনা স্থির করল আজকেই যাবে। ঐ দেখছ তো। তৈরি হয়ে বসে আছে যাবার জন্যে। তার পর আমি স্থির করলুম আমি যাব ওর সঙ্গে। আমিও তৈরি তা তো দেখতেই পাচ্ছ। এখন রামু জেদ ধরেছে সেও যাবে। আমরা নিলে আমাদের সঙ্গে। না নিলে তোমার সঙ্গে। ওই গ্রাখ রামুও তৈরি।

শিশির। বাঃ। ভারী মঙ্গা তো! এক নৌকায় তিন জনে! তা যদি না হয় তবে হেনার নৌকায় তুমি আর আমার নৌকায় রাসু। কেমন এই তো পরিস্থিতি ?

বৈজু। হাঁ, কিন্তু এর কোনোটাই সম্ভব নয়। শিশির। কেন গ কেন গ

বৈজু। হেনার নৌকায় আমি উঠতে পারি, কিন্তু রাহ্ উঠতে রাজী হবে কেন ? শিশির। হেনা, তুই রাজী নসৃ ?

হেনা। না, আমি রাজী নই। আমার নৌকাটি ছোট। তিনজনের ভার সইতে পারে না।

শিশির। তা হলে রাহু উঠবে আমার নৌকায়। রাহু, রাজী ? রাহু। আমি তৈরি।

বৈজু। আমার আপত্তি আছে।

শিশির। তা যদি হয় তবে তুমিও চলে এসো আমার নৌকায়। আমার নৌকাটি বড। তিন জনের ভার সইবে।

বৈজু। তার মানে হেনা হবে পথি নারী বিবর্জিতা। আমাব মতে ওইটাই অধর্ম।

শিশির। ওঃ তুমি ধার্মিক। তবে তুমি হেনার সঙ্গে যাও। বৈজু। আর রামু ?

শিশির। রামু হবে প্রবাসে নারী বিবর্জিতা। তোমার মতে সেটা ধর্ম।

বৈজু। বাড়ীতে ঝি চাকর আছে। বিশ্বাসী লোক ওরা। পাহাজীরা লোক ভালো।

শিশির। আজকেই আমি সব ক'টাকে বিদায় করে দেব। রান্থ এ বাড়ীতে থাকবে না।

বৈজু। তুমি! তুমি কোন অধিকারে এসব করবে। তুমি কি মালিক ?

শিশির। তুমি নিজের অধিকার ছেড়ে দিয়ে গেলে তার পরে এসব হবে। ছাড়ছ কেন ? বৈজু। ছেড়ে দিয়ে মানে ? এই যে সব অফিসার স্ত্রীকে বাড়ীতে রেখে টুরে যাচ্ছে এরাও কি ছেড়ে দিয়ে যাচ্ছে ? আবার তো আমি আসম্ভি।

হেনা। তাই নাকি ? তা হলে তোমার গিয়ে কাজ নেই।
আমি একা যেতে পারব। রাতটা শিলিগুড়িতে কাটিয়ে সকাল
'বেলা বাগডোগরায় প্লেন ধরব।

বৈজু। না, না, সে হতে পারে না। তোমাকে আমি একা ছেড়ে দিতে পারিনে।

হেনা। তাব**লে** তোমাকে আমি ফিরে **আসতে দেব না।** যদি আমার সঙ্গে যাও।

শিশির। তা হলে, বৈজু, কী করবে স্থির করে ফেল।
ফিরে আসতে পারবে না, এ কথা জেনেও কি ভূমি যাবে ? হেনা
যদি একা যেতে না পারে আমি তাকে পোঁছে দিয়ে আসব।
ভূমি এদিকে রাহুকে সামলাও দেখি। ও যদি আপনা আপনি
আমার হোটেলে গিয়ে ওঠে আমি কী করতে পারি!

বৈজু। তুমি প্রশ্রেয় না দিলে ও কথনো আপনা হতে যাবে না। তুমি এসেছ বলেই রাম্ন ওটা ভাবছে।

শিশির। নইলে বাপের বাড়ীর কথা ভাবত। তাতে তোমার আপত্তি নেই তো ?

বৈ রু। আলবং আপত্তি আছে। ওখানে গেলে সব জানাজানি হয়ে যাবে। শ্বশুরবাড়ীতে আমি মুখ দেখাব কী করে স্ববজা বন্ধ হয়ে যাবে। শিশির। বৈজু, তুমি কি বাউরা হলে? বৈজু বাউরা!
তুমি একটা মাত্মকে আষ্ট্রেপিষ্টে বেঁধে রাখবে, তাকে কোনো
রকক স্থা হুখী করবে না, সুখী হতে দেবে না ?

বৈজু। এই ষোলো বছর ও ছাড়া আর কী করেছি আমি ? বিশুক, রাহু বিশুক।

রামু। সত্যি আমি ধন্য।

বৈজু। লোকটা আমি খারাপ নই, শিশির। কিন্ত পড়ে গেছি গোলোকধাঁধায়---পথ বলতে পারো গ

শিশির। পারি। কিন্তু তা কি তোমার মনে ধরবে ? বৈজু। শুনি তো।

শিশির। তোমাদের তিনজনের মধ্যে একজনকে আত্মস্থ বিসর্জন দিতে হবে। তিনজনের মধ্যে তুমি সব চেয়ে বেশি ভোগ করেছ। তুমি সব সব চেয়ে বেশি ত্যাগ করবে।

বৈজু। আমি! ত্যাগ করব! আত্মস্থ!

শিশির। চমকে উঠলে যে! জীবনটা কি কেবল ভোগ-ময়! ত্যাগে ত্যাগে জর্জর নয়!

বৈষ্ণ। তা বলে আটত্রিশ বছর বয়সে আমার সব স্থ্ ফুরিয়ে যাবে! তা হলে আমার অস্থ কি কোনো দিন সারবে! একটার পর একটা লেগে থাকবে না!

শিশির। অসুথ মনে করলেই অসুথ। বেশির ভাগ অসুথই মানসিক। কায়াকে আশ্রয় করে যদিও। হাওয়া ৰদল ৮৫

বৈজু। নাশিশির। আমি পারব না। আমার বহু সাধ অচরিতার্থ।

শিশির। তা হলে, রামু। তোকেই আত্মসুখ বিসর্জন দিতে হয়। বৈজুর পরে তুই সব চেয়ে বৈশি ভোগ করেচিস। বৈজু যখন ত্যাগ করবে না তুই কর।

রামু। শিশিরদা, এই হলো তোমার বিচার! আমি কি সব চেয়ে বেশি সেবা করিনি, যত্ন করিনি, কপ্ত সইনি ? আমার কি সব সাধ চরিতার্থ হয়েছে ?

শিশির। তা হলে, হেনা, ত্যাগ করতে হয় তোকেই। তুই আত্মস্থ বিসর্জন দে।

হেনা। কেন ? আমি কি প্রাণ দিয়ে শুগ্রাষা করিনি ? আমি কি প্রতিদান চেয়েছি ? প্রতিদানে যদি কিছু পেয়ে থাকি তবে সে কি আমার প্রাপ্য নয় ? যে ভালোবাসে সে কি ভালোবাসা পেলে নেয় না ? ওটা ত্যাগ করলে জীবনে আর কী থাকে; শিশিরদা ? কী নিয়ে থাকব ?

শিশির। হেনা, প্রাপ্য ত্যাগ করাই তো মহত্ব। ওটা বাদ দিলেও অনেক কিছু থাকে জীবনে।

হেনা। রাফু তার দৃষ্টান্ত দেখাক। আমি ওর পদাঙ্ক অনুসরণ করব।

শিশির। রাহু, তুই এর উত্তর দে।

রামু। আমি কার পদাঙ্গ অনুসরণ করব ? কে আমাকে দৃষ্টান্ত দেখাবে ? শিশির। বৈজু, তুমি এর উত্তরে কী বলবে ?

বৈজু। আমি ইমানদার। হেনার প্রতি আমার একটা ইমানদারি জনেছে। আমি কি বেইমানী করতে পারি ? আমার কি ত্যাগ করার স্বাধীনতা আছে ?

শিশির। আত্মসুথ ত্যাগ করার স্বাধীনতা সব সময় সব মানুষের আছে।

বৈজু। কিন্তু যেক্ষেত্রে একজনের সুখের সঙ্গে আরেক জনের সুখ অঙ্গাঙ্গীভাবে জড়িত সেক্ষেত্রে একজন ত্যাগ করলে আরেকজনকেও ত্যাগ করতে হয় অনিচ্ছাসত্ত্ব। আমাকে ত্যাগ করতে বলা মানে হেনাকেও ত্যাগ করতে বাধ্য করা।

শিশির। তোমাকে অহুরোধ করা নিক্ষল। আমার অহুরোধ রাহুকে ও হেনাকে।

রামু। আমার সুখের নীড় হঠাৎ একদিনের ঝড়ে ভেঙে পড়বে এ কি আমি কল্পনা করতে পেরেছি? এই ভাঙনকে আমি মাথা পেতে নিতে পারি। কিন্তু সেটা স্বেচ্ছায় নয়, অনিচ্ছায়।

শিশির। তা হলে আর ত্যাগ কিসের! ত্বর্ভোগকে ত্যাগে পরিণত করার কৌশল শেথ, রামু।

রাত্ম। সেটা হলো আত্মপ্রতারণা, শিশিরদা।

শিশির। না, আত্মপ্রতারণা অন্য জিনিস। বল, আমি রানীর মতো পেয়েছি। রানীর মতো দান করলুম। আমি কাঙাল নই। কাঙালের মতো চাইনে। রাসু। কাঙালের মতো চাইনে। কিন্তু চাইনে কেমন করে বলি গ

শিশির। বলতে শেখ। সেইখানেই মহতু।

্রাসু। না, শিশিরদা। যার উপর অন্যায় করা হয়েছে মহত্ত্বের পালা তার নয়।

শিশির। হেনা কি আমার অমুরোধ শুনবে ?

হেনা। কেন, শিশিরদা! আমি অন্যায় করেছি বলে ?

শিশির। না, তা নয়। ন্যায় অন্যায় বিচার করবার আমি কে! আমি শুধু একটা পথনির্দেশ করছি। যে পথে চললে সকলের মঙ্গল। কারো অমঞ্চল নয়।

হেনা। তা বলে আমিই কি ছাই ফেলতে ভাঙা কুলো।
তুমি কি জান না, শিশিরদা, কত বার আমার বিয়ের সপ্তন্ধ
এসেছে, ভেঙে গেছে আমারই ইচ্ছায়। এত ত্যাগের উপর
আবার ত্যাগ।

শিশির্ম। তা হলে ত্যাগ তোরা কেউ করবিনে ? একজনও না ?

[मक्त नी तत ।]

শিশির। আমি বলি এক কাজ করলে কেমন হয়। লটারি । লটারিতে যার নাম উঠবে সেই ত্যাগ করবে। বৈজু। রামু। হেনা।

বৈজু, রাহু, হেনা। [একবাক্যে] না, না, না। শিশির। না, না, নাণু সব তাতেই না, না, নাণু আমার কোনো কথাই যদি কেউ না শোনে তা হলে আমার দ্বারা এর সমধান হবে না। তোদের সমাধান তোরাই কর বসে। আমি চলি।' [প্রস্থানোদ্যত]

বৈজু। ও কী! চললে যে! না, না, যেয়ো না।

वाञ् । (यर्गा ना, निनिवना।

হেনা। যেয়োনা, ভাই।

শিশির। যাব না ? তবে তোরা শুনবি আমার কথা ?

রাহু, হেনা। শুনব। শুনব।

শিশির। বৈজু, তুমি ?

रिवज् । अनव।

শিশির। শোন তা হলে। রাসু, ভূই এই দরজা দিয়ে বেরিয়ে যা। যাবি আমার হোটেলে। খবরদার দেরি করিস্নে।

রাত্ন। আসি, শিশিরদা। ওগো, আসি। [প্রস্থান]

শিশির। আর হেনা, তুই বেরিয়ে যা ওই দরজা দিয়ে। সোজা মোটর অফিসে যাবি। খবরদার, সবুর করিস্নে।

হেনা। আসি, শিশিরদা। এই, আসি। [প্রস্থান]

শিশির। এবার, বৈজু! এ বাড়ীতে তুমি আর আমি ছই বন্ধ বাস করব। ছ'জনে ছ'জনকে পাহারা দেব।

বৈজু। এ কী! ওরা চলে গেল যে! [ভান দিকের দর**জা**য় গিয়ে] রামু! রামু! রামু! [বা দিকের দরভায় গিয়ে] হেনা! হেনা! হেনা! [ভান দিকের দরভায] রামু! রামু! [বা দিকের দরজায়] হেনা! হেনা! [ভান দিকের দরজায়] রামু! বাঁ দিকের দরজায় j হেনা ! । এদিক ওদিক] রাসু, হেনা ! রাসু, হেনা ! রা—হে—রা—হে—রা—হে—

যবনিক। পতন

(চরিত্রগুলি সম্পূর্ণ কাল্পনিক)

3268